03. 1000 kg ভরের একটি উড়োজাহাজ স্থির বেগে সোজা পথে উড্ডয়ন করছে। বাতাসের ঘর্ষণ বল 1800 N. উড়োজাহাজের উপর প্রযুক্ত নীট বল হবে- [12-13]

A. 0 N B. 11800 N C. 1800 N D. 9800 N

Answer: A Solve স্থির বেগে চললে নীট বল শূন্য হবে (নিউটনের প্রথম সূত্র থেকে)

04. প্রোটন ও ইলেক্ট্রণের মধ্যে আকর্ষণের জন্য কোন মৌলিক বলটি দায়ী? [10-11]

A. শক্তিশালী B. মধ্যাকর্ষণ

C. দূর্বল D. তড়িৎ চৌম্বকীয় Ans D

Scanned with CamScanner

05. একটি স্যাটেলাইটের ঘূর্ণনের সময়কাল হল T, এর গতিশক্তির সমানুপাতিক হল– [10-11]

A. $\frac{1}{T}$ B. $\frac{1}{T^2}$ C. $\frac{1}{T^3}$ D. $T^{\frac{2}{3}}$

Answer: B Solve $E=\frac{1}{2}mv^2=\frac{1}{2}m\left(\frac{2\pi}{T}r\right)^2=\frac{1}{2}\times m4\pi^2r^2\times\frac{1}{T^2}$

$\therefore E\propto\frac{1}{T^2}$

KUET

01. সার্কাস খেলায় একটি 2000m/মিনিট বেগে একটি বৃত্তাকার পথে ঘুরছে। বৃত্তাকার পথের ব্যাসার্ধ 200m হলে, বাইকটির কৌণিক বেগ কত ছিল? [KUET: 17-18]

A. 0.01rad/s B. 0.001rad/s C. 1.00 rad/s
D. 0.002rad/s E. 0.1rad/s

Answer: E Solve $v=\omega r$

$\Rightarrow \omega=\frac{v}{r}=\frac{20}{200}$ [1200 m/min = 20 ms^{-1}]

$\therefore \omega=0.1\ rads^{-1}$

02. একটি বৈদ্যুতিক পাখা প্রতি মিনিটে 1500 বার ঘুরছে। সুইচ বন্ধ করার পর 3019 পাক ঘুরে পাখাটি বন্ধ হয়ে গেল। পাখাটি থামতে কত সময় লেগেছিল? [KUET: 17-18]

A. 3.8 minute B. 4.37 minute C. 5 minute
D. 200 sec E. 4.02 minute

Answer: E Solve $t=\frac{2\theta}{\omega_0}=\frac{2\times3019\times2\pi}{1500\times\frac{2\pi}{60}}$

$=241.52\ sec=4.02\ min$

03. একটি ইলেকট্রন পরমাণুর নিউক্লিয়াসের চতুর্দিকে 1.1 Å ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে $4\times10^6\ ms^{-1}$ বেগে প্রদক্ষিণ করে। ইলেকট্রনের কেন্দ্রমুখী বলের মান কত? [15-16, 14-15]

A. 1.51×10^{-7}N B. 1.32×10^{-7}N C. 1.32×10^{-7}J
D. 2.32×10^{-8}N E. 1.68×10^{-5}J

Answer: B Solve

$F=\frac{mv^2}{r}=\frac{9.1\times10^{-31}\times(4\times10^6)^2}{1.1\times10^{-10}}=1.32\times0^{-7}\ N$

04. একজন সাইকেল আরোহী ঘন্টায় 24 km বেগে 30 m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে মোড় নিচ্ছে। তাঁকে উলম্বের সাথে কত কোণে হেলে থাকতে হবে? [14-15]

A. 8°36′ B. 7°56′ C. 8°56′
D. 9°2′ E. 8°41′

Answer: A Solve $\tan\theta=\frac{v^2}{rg}\Rightarrow\theta=\tan^{-1}\frac{\left(\frac{24\times1000}{3600}\right)^2}{30\times9.8}=8.59°=8°36'$

05. একজন সাইকেল আরোহী 20 সেকেন্ডে 70 m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে মোড় নিচ্ছে। তাকে উলম্বের সাথে কত কোণে হেলে থাকতে হবে? [12-13] [JNU 08-09; SUST 12-13]

A. 34°30′ B. 35°12′ C. 36°22′
D. 35°45′ E. 35°

Answer: B Solve $v=\frac{s}{t}=\frac{2\pi r}{t}$ $\theta=\tan^{-1}\left(\frac{v^2}{rg}\right)$

$=\tan^{-1}\left(\frac{4\pi^2r^2}{t^2\times rg}\right)=\tan^{-1}\left(\frac{4\pi^2\times70}{20^2\times9.8}\right)=35.18\sim35°12'$

06. 900kg ভরের একটি মোটর ট্রাক ঘন্টায় 60km বেগে চলে। ব্রেক করে ট্রাকটিকে 50m দূরে থামানো হল। যদি মাটির ঘর্ষণজনিত বল 200N হয়, তবে ব্রেকজনিত বলের মান নির্ণয় কর। [10-11]

A. 2100N B. 2200N C. 2500N
D. 2300N E. 3000N

Answer: D Solve $a=\frac{\left(\frac{60000}{3600}\right)^2}{2\times50}=2.77\ ms^2$

$F=(2.77\times900-200)N=2300\ N$

07. 73 kg ভরের একটি বাক্সকে 543 N অনুভূমিক বলে মেঝের উপর দিয়ে টানা হচ্ছে। বাক্সটি যখন চলে তখন বাক্স ও মেঝের মর্ধবর্তী ঘর্ষণ সহগ 0.53। বাক্সের ত্বরণ কত? [09-10]

A. 2.24 ms^{-2} B. 0.224 ms^{-2} C. 4.84 ms^{-2}
D. 0.448 ms^{-2} E. 3.38 ms^{-2}

Answer: A Solve $a=\frac{P-F_k}{m}=\frac{543-0.53\times73\times9.8}{73}=2.24\ m/s^2$

08. 3 Kg ভরের একটি বস্তুর উপর 10 N বল প্রয়োগ করলে বস্তুটি 3 m/sec^2 ত্বরণে চলতে থাকে। বস্তুটির উপর কত ঘর্ষণ বল ক্রিয়া করছে? [07-08]

A. 16 N B. 13 N C. 6 N
D. 3 N E. 1 N

Answer: E Solve $F_k=(10-3\times3)N=1\ N$

CUET

01. 5 kg ভর ও 0.25 m ব্যাসার্ধ বিশিষ্ট একটি বেলুন 50 rad/sec কৌণিক বেগে গড়াতে থাকলে তার গতিশক্তি কত? [15-16]

A. 0.078 J B. 390.63 J C. 0.73 J D. 585.94 J

Answer: D Solve বেলুনটির জড়তার ভ্রামক, $I=\frac{1}{2}Mr^2$

মোট শক্তি $E=E_k+E_p=\frac{1}{2}mv^2+\frac{1}{2}I\omega^2$

$=\frac{1}{2}\times5\ (50\times0.25)^2+\frac{1}{2}\times\frac{1}{2}\times5\times(0.25)^2\times(50)^2=585.93J$

02. একটি বৈদ্যুতিক পাখা মিনিটে 1200 বার ঘুরে। সুইচ বন্ধ করার 2 মিনিট পর পাখাটি বন্ধ হয়ে যায়। থেমে যাওয়ার আগে পাখাটি ঘুরার সংখ্যা কত হবে? [15-16]

A. 1500 rev B. 2000 rev C. 3000 rev D. 1200 rev

Answer: D Solve $\omega_0=\frac{1200}{60}$ rev/sec = 20 rev/sec

$\theta=\left(\frac{\omega_0+\omega}{2}\right)t=\frac{20}{2}\times120=1200$ rev

03. নিজ ঘূর্ণন অক্ষের সাপেক্ষে দুটি বস্তুর জড়তার ভ্রামক যথাক্রমে I এবং 2I। যদি তারের ঘূর্ণন গতি শক্তি সমান হয়, তাদের কৌণিক ভরবেগের অনুপাত কত? [14-15]

A. 1:2 B. $\sqrt{2}$:1 C. 1:$\sqrt{2}$ D. 2:1

Answer: C Solve $\frac{P_1^2}{I_1}=\frac{P_2^2}{I_2}\Rightarrow\frac{P_1^2}{I_1}=\frac{P_2^2}{2I_1}\Rightarrow\frac{P_1}{P_2}=\frac{1}{\sqrt{2}}$

04. 20 বার ঘুরবার পর একটি বৈদ্যুতিক পাখার কৌণিক বেগ 30 rad/sec হতে হ্রাস পেয়ে 10 rad/sec হয়। কৌণিক মন্দন হবে: [11-12]

A. 3.18 rad/sec B. 2.5 rad/sec C. 2 rad/sec D. None of these

Answer: A Solve $\omega^2=\omega_0^2-2\alpha\theta$ [$\theta=2\pi\times20=40\pi$]

$\Rightarrow2\alpha\times40\pi=30^2-10^2\Rightarrow\alpha=3.18$ rad/s

Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫ম অধ্যায়
প্রথম পত্র

কাজ, শক্তি ও ক্ষমতা (WORK, ENERGY & POWER)

1. এক নজরে এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

কাজ

- বল ও বলের অভিমুখে সরণের উপাংশের গুণফলকে কাজ বলে।
- বল ও সরণের মধ্যবর্তী কোণ 90° এবং তাদের মান আলাদা আলাদাভাবে শূন্য হলে কাজের মান শূন্য হবে।
- স্থিতিস্থাপক বলের বিপরীতে সম্পাদিত কাজ দূরত্বের বর্গের সমানুপাতিক, অর্থাৎ $W \propto x^2$
- অভিকর্ষ বলের বিপরীতে সম্পাদিত কাজ দূরত্বের সমানুপাতিক, অর্থাৎ $W \propto h$.
- অভিকর্ষ বলের বিপরীতে সরণ তিনগুন হলে কৃতকাজও তিনগুন হবে কিন্তু স্থিতিস্থাপক বলের বিপরীতে সরণ তিনগুন হলে কৃতকাজ নয়গুণ হবে।
- বৃত্তপথে আবর্তনরত বস্তু শূন্য কাজের উদাহরণ।
- ধনাত্মক ও ঋণাত্মক কাজের মধ্যে পার্থক্য:

ধনাত্মক কাজ	ঋণাত্মক কাজ
1. বলের দ্বারা কাজ ধনাত্মক রাশি।	1. বলের বিরুদ্ধে কাজ ঋণাত্মক রাশি।
2. বলের দ্বারা কাজ হলে বস্তুতে ত্বরণের সৃষ্টি হয়।	2. বলের বিরুদ্ধে কাজ হলে বস্তুতে মন্দনের সৃষ্টি হয়।
3. বলের দ্বারা কাজ হলে স্থিতিশক্তি হ্রাস পায় কিন্তু গতিশক্তি বৃদ্ধি পায়।	3. বলের বিরুদ্ধে কাজ হলে গতিশক্তি হ্রাস পায় কিন্তু স্থিতি শক্তি বৃদ্ধি পায়।
4. সীমা: $0° \le \theta < 90°$	4. সীমা: $90° < \theta \le 180°$

ধনাত্মক কাজের উদাহরণ:

i. একটি বস্তুকে ছাদের উপর হতে নিচে ফেলে দেওয়া।
ii. একটি চলন্ত ফুটবলকে বল প্রয়োগ করলে যদি ফুটবলটি বলের দিকে সরে যায়।
iii. বাইরের উৎস হতে মহাকর্ষীয় বলের বিপরীতে কাজ।
iv. দুইটি বিপরীত চার্জ বা আধান আকর্ষিত হলে।

- 'কোন বস্তুর উপর ক্রিয়ারত লব্ধি বলের কৃতকাজ বস্তুর গতিশক্তির পার্থক্যের সমান' এটি কাজ শক্তির উপপাদ্য।
- **কাজ বা শক্তির পরম একক:**
  F. P. S. পদ্ধতিতে → Ft Poundal
  C.G. S.পদ্ধতিতে → erg
  M. K. S/S.I → Joule
- এক অভিকর্ষীয় একক কাজ = এক অভিকর্ষীয় একক বল × একক সরণ
- কাজের ক্ষেত্রে অভিকর্ষীয় এককে পরম একক রূপান্তরের সময় g দ্বারা গুণ করতে হয় এবং পরম এককে অভিকর্ষীয় একক রূপান্তরের সময় g দ্বারা ভাগ করতে হয়।
- **সংরক্ষণশীল বল:** তড়িৎ বল, চৌম্বক বল, অভিকর্ষীয় বল, স্প্রিং এর বল ইত্যাদি। সংরক্ষণশীল বল দ্বারা কৃতকাজ পুনরুদ্ধার সম্ভব।
- **অসংরক্ষণশীল বল:** ঘর্ষণ বল, সান্দ্র বল। অসংরক্ষণশীল বল দ্বারা কৃতকাজ পুনরুদ্ধার করা সম্ভব নয়।
- **স্থিতিস্থাপক বল:** স্থিতিস্থাপক সীমার মধ্যে বাইরে থেকে বল প্রয়োগে কোন বস্তুর আকার আকৃতি পরিবর্তন ঘটানোর পর বল অপসারণ করলে যে বলের কারণে তা আবার পূর্বের আকার আকৃতি ফিরে পায় তাকে স্থিতিস্থাপক বল বলে।
- সময় বা অবস্থানের সাপেক্ষে বলের মান বা দিক কোনটির পরিবর্তন না হলে তাকে স্থির বল বলে। যেসকল বলের মান ও দিক সময়ের সাথে পরিবর্তিত হয় তাকে পরিবর্তনশীল বল বলে।

শক্তি ও শক্তির রূপান্তর

- **স্থিতিশক্তি:** বস্তু তার অবস্থানের জন্য যে শক্তি অর্জন করে অথবা বস্তুস্থিত কণাসমূহের পারস্পরিক অবস্থান পরিবর্তনের জন্য বস্তু যে শক্তি অর্জন করে তাকে বস্তুর স্থিতিশক্তি বা বিভব শক্তি বলে।
- **গতিশক্তি:** কোন গতিশীল বস্তু তার গতির জন্য কাজ করার যে সামর্থ্য বা শক্তি লাভ করে তাকে বস্তুর গতিশক্তি বলে।
- এক ভোল্ট বিভব পার্থক্যে একটি ইলেকট্রনের অর্জিত শক্তিই এক ইলেকট্রন ভোল্ট।
- **শক্তির নিত্যতা:** শক্তির সৃষ্টি বা বিনাশ নেই। কেবলমাত্র একরূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হতে পারে।
- **শক্তি রূপান্তর:** এই মহাবিশ্ব জুড়ে শক্তি বিভিন্ন রূপে বিরাজিত। বিভিন্ন প্রকার শক্তি পরস্পরের সাথে সম্বন্ধযুক্ত। এক শক্তি অন্য শক্তিতে রূপান্তরের প্রক্রিয়াকে শক্তি রূপান্তর বলে। নিম্নে শক্তি রূপান্তরের কিছু উদাহরণ প্রদত্ত হল-
  1. পানি উচ্চ স্থান হতে নিম্ন স্থানে প্রবাহিত হলে স্থিতিশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয়।
  2. প্রবাহিত পানিতে টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হলে যান্ত্রিক শক্তি বিদ্যুৎ শক্তিতে পরিণত হয়।
  3. বৈদ্যুতিক বাতিতে বিদ্যুৎ শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।
  4. বৈদ্যুতিক ইস্ত্রিতে বিদ্যুৎ শক্তি তাপ শক্তিতে পরিণত হয়।
  5. বৈদ্যুতিক পাখায় বিদ্যুৎ শক্তি যান্ত্রিক শক্তিতে পরিণত হয়।
  6. একটি কাঁচা লোহার উপর অন্তরীত তামার তার জড়িয়ে বিদ্যুৎ চালনা করলে লোহার পাতটি চুম্বকে পরিণত হয়। এক্ষেত্রে বিদ্যুৎ শক্তি চুম্বক শক্তিতে রূপান্তরিত হয়।
  7. ফটো ইলেকট্রিক প্লেটে আলো পড়লে আলোক শক্তি বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হয়।
  8. দুই হাতের তালু পরস্পরের সাথে ঘষলে যান্ত্রিক শক্তি তাপ শক্তিতে পরিণত হয়।
  9. বৈদ্যুতিক ঘন্টা, টেলিফোন প্রভৃতিতে বিদ্যুৎ শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।
  10. কয়লা বা যেকোন কার্বনজাত দ্রব্য পোড়ালে তাপ উৎপন্ন হয়। এক্ষেত্রে রাসায়নিক শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।

ক্ষমতা ও কর্মদক্ষতা

- কোন একটি উৎসের কাজ করার হারকে ক্ষমতা বলে।
- এক সেকেণ্ডে এক জুল কাজ করার ক্ষমতাকে এক ওয়াট বলে।
- প্রতি সেকেণ্ডে 746 জুল কাজ করার ক্ষমতাকে এক অশ্ব ক্ষমতা বলে।
- কাজ, শক্তি ও ক্ষমতা এই তিনটিই অদিক বা স্কেলার রাশি।
- কাজ ও শক্তির একক এবং মাত্রা সমীকরণ অভিন্ন।
- কোন যন্ত্রের কর্মদক্ষতা বলতে কার্যরত শক্তি এবং প্রদত্ত মোট শক্তির অনুপাতকে বুঝায়।
- **ক্ষমতার পরম একক:** আন্তর্জাতিক পদ্ধতিতে ক্ষমতার একক joule/sec বা Watt
- **মাত্রা সমীকরণ:** কাজ $[ML^2T^{-2}]$, শক্তি $[ML^2T^{-2}]$, ক্ষমতা $[ML^2T^{-3}]$
- **পড়ন্ত বস্তুর সূত্রগুলো জানতে হবে। যেমন:**
  (i) যতই নিচে নামবে ততই স্থিতিশক্তি হ্রাস ও গতিশক্তি বৃদ্ধি পায়।
  (ii) পড়ন্ত বস্তুর প্রতিবিন্দুতে স্থিতিশক্তি ও গতিশক্তির যোগফল সমান।
  (iii) বস্তুটি মাটি স্পর্শ করলে স্থিতিশক্তি ও গতিশক্তি, শব্দশক্তি, তাপশক্তি ও যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।
- কাজ ধনাত্মক হলে বলের দ্বারা কাজ বুঝায়। কাজ ঋণাত্মক হলে বলের বিরুদ্ধে কাজ বুঝায়।
- **কর্মদক্ষতা:** কোন যন্ত্রে সরবরাহকৃত শক্তি এবং কাজে পরিণত হওয়ার শক্তির অনুপাতকে কর্মদক্ষতা বলে।
- কর্মদক্ষতা, η = কার্যকর শক্তি/ মোট সরবরাহকৃত শক্তি কর্মদক্ষতাকে শতকরা হিসেবে প্রকাশ করা যায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner

বিভিন্ন এককের মধ্যকার সম্পর্ক:

Ft Poundal and erg এর মধ্যে সম্পর্ক

1 Ft poundal = 1 poundal × 1 ft
= 13825 dyne × 30.48 cm
= 13825 × 30.48 × (1 dyne × 1cm)
= $4.124 \times 10^5 \times 1$ erg = 4.214×10^5 erg.

Joule and erg এর মধ্যে সম্পর্ক

1 J = 1N × 1m
= 10^5 dyne × 10^2 cm
= $10^5 \times 10^2 \times$ (1 dyne × 1 cm)
= $10^7 \times$ 1erg = 10^7 erg

Ft-Poundal and Joule এর মধ্যে সম্পর্ক

1 ft Poundal = 4.214×10^5 erg

$$= \frac{4.214 \times 10^5}{10^7} \text{ Joule}$$

$$= \frac{4.214}{10^2} = 0.04214 \text{ Joule}$$

2. গাণিতিক সমস্যা সমাধানে প্রয়োজনীয় সূত্রাবলি

কাজ সংক্রান্ত:

- কাজ, $W = \vec{F}\vec{S} = FS\cos\theta = FS\sin\left(\frac{\pi}{2} - \theta\right)$
- বস্তু দ্বারা কৃতকাজ, $W = \frac{1}{2}mv^2 - \frac{1}{2}mu^2$ (শক্তি বৃদ্ধির ক্ষেত্রে)
- বস্তু দ্বারা কৃতকাজ, $W = \frac{1}{2}mu^2 - \frac{1}{2}mv^2$ (শক্তি হ্রাসের ক্ষেত্রে)
- স্প্রিং প্রসারণে কৃতকাজ, $W = \frac{1}{2}kx^2 = \frac{1}{2}kx_f^2 - \frac{1}{2}kx_i^2$
- যান্ত্রিক শক্তির নিত্যতা: বিভবশক্তি + গতিশক্তি = ধ্রুবক
- মহাকর্ষ বল দ্বারা কৃতকাজ $W_{ab} = GMm\left(\frac{1}{r_b} - \frac{1}{r_a}\right)$
- ঘূর্ণন গতির ক্ষেত্রে কৃতকাজ $W = \tau\Delta\theta$

ক্ষমতা সংক্রান্ত:

- ক্ষমতা, $P = FV = \frac{W}{t} = \frac{mgh}{t}$

গতিশক্তি সংক্রান্ত:

- গতিশক্তি, $K.E = mv^2/2$
- স্থিতিশক্তি বা অভিকর্ষীয় বিভব শক্তি $E_p = mgh$
- ভরবেগ ও গতিশক্তির মধ্যে সম্পর্ক, $K = \frac{P^2}{2m}$

কর্মদক্ষতা সংক্রান্ত:

- কার্যকর ক্ষমতা (P′) = প্রকৃত ক্ষমতা (P) × কর্মদক্ষতা (η)

$$\frac{mgh}{t} = P \times \eta$$

- কর্মদক্ষতা, $\eta = \left(1 - \frac{E_2}{E_1}\right) \times 100\%$

3. এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type-এ শ্রেণিভুক্ত করা যায়

i. কাজ সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 01

Prob. 01: একটি ঘোড়া ভূমির সাথে 30° কোণে 120N বল প্রয়োগে একটি বস্তুকে টেনে $2ms^{-1}$ সমবেগে সরাতে থাকে। 5 মিনিটে কত কাজ করে? [Ref: আলী আসগর]

Solve: $W = FS\cos\theta$
$= 120 \times 600 \times \cos 30°$
$= 6.2354 \times 10^4$ J (Ans.)

$S = v \times t$
$= (2 \times 5 \times 60)$m
$= 600$m

For Practice:

01. 10N বল কোনো নির্দিষ্ট ভরের বস্তুর উপর ক্রিয়া করায় বস্তুটি বলের দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে 8m দূরে সরে গেল। কাজের পরিমাণ নির্ণয় কর। [Ref: ম.হালিম] Ans. 40J
02. 70kg ভরের এক ব্যক্তি 20kg ভরের একটি বোঝা নিয়ে 6m দীর্ঘ একটি সিঁড়ি বেয়ে উপরে উঠলো। সিঁড়িটি আনুভূমিক তলে 30° কোণ উৎপন্ন করলে কৃতকাজ নির্ণয় কর। Ans. 2646 J
03. 2N বল কোন নির্দিষ্ট ভরের বস্তুর উপর ক্রিয়া করায় বস্তুটি বলের দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে 5m দূরে সরে গেল। কাজের পরিমাণ কত? [Ref: শাহজাহান তপন] Ans. 5 J

Type- 02

Prob. 01: 14g ভরের একটি রাইফেলের গুলি $3.6ms^{-1}$ বেগে 0.21m পুরু একটি কাঠের গুঁড়ি কেবল ভেদ করতে পারে। বাধা দানকারী বলের মান কত? [Ref: আবদুল গণি]

Solve: $W = \Delta K \Rightarrow FS = \frac{1}{2}mv^2 - \frac{1}{2}mu^2$

$$\Rightarrow F = \frac{m(v^2 - u^2)}{2s} = \frac{14 \times 10^{-3} \times [0 - (3.6)^2]}{2 \times 0.21} = -0.432\text{N (Ans.)}$$

For Practice:

01. একটি রাইফেলের গুলি একটি তক্তাকে ঠিক ভেদ করতে পারে। যদি গুলির বেগ চারগুণ করা হয়, তবে অনুরূপ কয়টি তক্তা ভেদ করতে পারবে? [Ref: গোলাম মোহাম্মদ ভূঞা]
Hint: তক্তার সংখ্যা $n = \left(\frac{v'}{v}\right)^2 = \left(\frac{4v}{v}\right)^2 = 16$
02. 4m/s বেগে নিক্ষিপ্ত গুলি 0.2m পুরু কাঠকে কেবল ভেদ করতে পারে। যদি গুলির বেগ 5m/s হয় তবে ঐ কাঠকে ভেদ করে যাবার সময় গুলির বেগ কত?
Hint: $v^2 = u^2 - 2as$ Ans. 3 m/s
03. 0.5kg ভরের একটি হাতুড়ি দ্বারা 2m/s বেগে একটি পেরেক আঘাত করায় এটি কাঠের মধ্যে 0.03m ঢুকে যায়। গড় বাধাদানকারী বল নির্ণয় কর।
Hint: $F = m\left(\frac{v^2 - u^2}{2s}\right)$ Ans. 33.33 N

Type- 03

Prob. 01: $80Nm^{-1}$ বল ধ্রুবকের একটি স্প্রিংকে 3cm সংকুচিত করা হল। পূর্বের অবস্থায় আনতে স্প্রিং বল দ্বারা কৃতকাজ কত? [Ref: শাহজাহান তপন]

Solve: $k = 80$N/m; $x_i = -3$cm $= -3 \times 10^{-2}$m, $x_f = 0$

$$W = \frac{1}{2}kx_f^2 - \frac{1}{2}kx_i^2$$

$$= \frac{1}{2} \times 80 \times (-3 \times 10^{-2})^2 = 3.6 \times 10^{-2}\text{ J (Ans.)}$$

Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

For Practice:

01. একটি স্প্রিংয়ের বল ধ্রুবক $60Nm^{-1}$। স্প্রিংটিকে স্বাভাবিক অবস্থা থেকে 0.5m প্রসারিত করতে কৃতকাজ হিসাব কর। [Ref: গোলাম হোসেন] Ans. 7.5J

02. 100 N/m স্প্রিং ধ্রুবক বিশিষ্ট স্প্রিং 6 cm সংকুচিত করতে কি পরিমাণ শক্তির প্রয়োজন হবে। Ans. 0.18 J

Type- 04

Prob. 01: একটি ইটের দৈর্ঘ্য 0.24m, প্রস্থ 0.12m এবং উচ্চতা 0.06m। এর ভর 2kg। ইটের দৈর্ঘ্যকে আনুভূমিক অবস্থান হতে উল্লম্ব অবস্থানে রাখতে কৃতকাজ নির্ণয় কর।

Solve: পূর্বে ভরকেন্দ্রের উচ্চতা $h_1 = 0.06/2 = 0.03m$

বর্তমান ভর কেন্দ্রের উচ্চতা $h_2 = 0.24/2 = 0.12m$

উচ্চতার পার্থক্য $h = 0.12 - 0.03 = 0.09m$

$\therefore$ কাজ, $W = mgh = 2\times9.8\times0.09\ J = 1.764\ J$ **(Ans.)**

For Practice:

01. একখানা ইটের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 0.2m, 0.1m ও 0.05m। ইটের ঘনত্ব $2000\ kg/m^3$ হলে, এটিকে আনুভূমিক অবস্থান থেকে উল্লম্ব অবস্থানে আনতে কৃতকাজ কত? Ans. 1.47 J

02. 120 পাউন্ড ওজনের লোক 90 পাউন্ড ওজনের একটি বস্তুকে আনুভূমিক মেঝের উপর দিয়ে 6 ফুট দূরত্বে ঠেলে নিতে 30 পাউন্ড ওজনের আনুভূমিক বল প্রয়োগ করেন। কাজের পরিমাণ নির্ণয় কর। Ans. 180 ft-/b

Type- 05

Prob. 01: $\vec{F} = (5\hat{i} + 3\hat{j} - 2\hat{k})N$ বল প্রয়োগে $\vec{r} = (3\hat{i} - 2\hat{j} + \hat{k})m$ সরণ হয়। কৃতকাজ নির্ণয় কর। [Ref: ম. হালিম ; গিয়াস উদ্দিন]

Solve: $W = \vec{F}.\vec{r} = (15 - 6 - 2)\ J = 7J$ **(Ans.)**

For Practice:

01. একটি কণার উপর $\vec{F} = (12\hat{i} - 6\hat{j} + 4\hat{k})N$ বল প্রয়োগে কণাটির সরণ হয় $\vec{r} = (4\hat{i} - 4\hat{j} - 2\hat{k})m$। বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ নির্ণয় কর। [Ref: এহসানুল কবির] Ans.16J

02. $\vec{F} = (\hat{i} - \hat{j} - 3\hat{k})N$ বল প্রয়োগে $\vec{r} = (a\hat{i} + 3\hat{j} - 2\hat{k})m$ সরণ হলে যদি 10J কাজ হয় তবে a এর মান নির্ণয় কর। Ans. 7

ii. ক্ষমতা সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 06

Prob. 01: একটি পানিপূর্ণ কুয়ার গভীরতা 12m এবং ব্যাস 40m। একটি পাম্প 20 মিনিটে কুয়াটিকে পানি শূন্য করতে পারে। পাম্পটির অশ্বক্ষমতা কত?

Solve: $P = \dfrac{mgh_c}{t} = \dfrac{\pi\left(\frac{d}{2}\right)^2 \times h\times\rho\times g\times h_c}{t}$

$= \dfrac{\pi\left(\frac{40}{2}\right)^2 \times 12\times1000\times9.8\times\left(\frac{12}{2}\right)}{20\times60}$ watt

$= 738902.6\ W = 990.49\ Hp$ **(Ans.)**

Note: পানিপূর্ণ কুয়ার ক্ষেত্রে h_c হবে $\dfrac{h}{2}$

অর্ধপূর্ণ কুয়ার ক্ষেত্রে h_c হবে $\dfrac{3h}{4}$

For Practice:

01. 74.6kg ভরের একজন লোক প্রতিটি 25cm উঁচু 20টি সিঁড়ি 10sec এ উঠতে পারেন তার ক্ষমতা কত? [Ref: শাহজাহান তপন] Ans.365.54W

02. একটি দালানের ছাদের সাথে লাগানো 5m লম্বা একটি মই আনুভূমিকের সাথে 30° কোন করে আছে। 60kg ভরের এক ব্যক্তি 20kg ভরের বোঝা নিয়ে 10 সেকেন্ডে ছাদে ওঠেন। তার অশ্বক্ষমতা বের কর। [Ref: শাহজাহান তপন] Ans.0.26HP

03. পানিপূর্ণ কুয়ার গভীরতা 12 m এবং ব্যাস 1.8 m। কোন ইঞ্জিন 24 মিনিটে কুয়ার পানি সম্পূর্ণ খালি করতে পারলে ঐ ইঞ্জিনের ক্ষমতা কত? [Ref: গিয়াস উদ্দিন] Ans. 1.67 Hp

04. 75 kg ভরের এক ব্যক্তি 30 মিনিটে 300 m উচুঁতে উঠে। তার কাজ করার হার কত? Ans. 122.5 W

Type- 07

Prob. 01: 5 kg ভরের একটি বস্তু স্থিরাবস্থা থেকে 250 m নীচে পড়ে কাদার মধ্যে 3.50 m প্রবেশ করে থেমে যায়। বস্তুটির উপর কাদার গড় বল কত?

Solve: $mg(h + S) = FS$

$\Rightarrow F = \dfrac{mg(h+S)}{S} = \dfrac{5\times9.8(250+3.5)}{3.5} = \dfrac{5\times9.8\times253.5}{3.5}$

$= 3549N$ **(Ans.)**

For Practice:

01. 10 kg ভরের বস্তু 200 m উপর থেকে পরে কাদার মধ্যে পড়ে কতটুকু প্রবেশ করবে? কাদার গড় প্রতিরোধ বল 2000 N। Ans. 0.305m

iii. গতিশক্তি সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 08

Prob. 01: 5kg ভরের কোন বস্তুকে কত উঁচু থেকে ফেললে এর গতিশক্তি $27kmh^{-1}$ বেগে চলমান 2000kg লরীর গতিশক্তির সমান হবে? [Ref: শাহজাহান তপন]

Solve: $\dfrac{1}{2}mv^2 = mgh \Rightarrow h = \dfrac{mv^2}{2mg} = \dfrac{2000\times\left(\frac{27000}{3600}\right)^2}{2\times5\times9.8}$

$\Rightarrow h = 1147.96\ m$ **(Ans.)**

For Practice:

01. 0.5kg ভরের এক টুকরা বরফ খণ্ড 1km উচ্চতায় মেঘ থেকে ভূমিতে পতিত হল। ভূমিতে স্পর্শ করার মুহূর্তে তার গতি শক্তি কত হবে? [Ref: রমা বিজয়] Ans.4900 J

02. 6kg ভরবিশিষ্ট একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 30N বল প্রয়োগ করায় 10 sec পর বস্তুটির গতিশক্তি কত হবে? [Ref: ম.হালিম] Ans.7500J

03. 40 kg ভর সম্পন্ন কোন বালিকা মাটি থেকে 15 cm উঁচু থেকে লাফিয়ে 60 বার স্কিপিং করল। তার কত শক্তি ব্যয় হল। Ans. 3528 J

04. একটি বস্তু প্রাথমিক পর্যায়ে স্থির অবস্থায় আছে হঠাৎ বিস্ফোরণে এটি 2M এবং 3M ভরের দুটি বস্তুতে ভাগ হয়ে গেল। এগুলোর মোট গতিশক্তি E_1 2M ভরের বস্তুটির গতিশক্তির কত হবে? [SUST 04-05] Ans. 3E/5

Type- 09

Prob. 01: 100kg ভরের একটি বস্তুর ভরবেগ $200kgms^{-1}$ হলে এর গতিশক্তি কত? [Ref: শাহজাহান তপন]

Solve: $K = \dfrac{P^2}{2m} \Rightarrow K = \dfrac{(200)^2}{2\times100} \Rightarrow K = 200\ J$ **(Ans.)**

Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

For Practice:

01. 10 kg ভরের একটি বস্তুর গতিশক্তি 80 J হলে ভরবেগ নির্ণয় কর।
Ans. 40 kgm s^{-1}

Type- 10

Prob. 01: ভূ-পৃষ্ঠ হতে 19.6m/s বেগে উপরের দিকে নিক্ষিপ্ত বস্তুর নিক্ষেপের 1sec পরে মোট শক্তির পরিমাণ নির্ণয় কর। বস্তুর ভর 1kg.

Solve: মোট শক্তি $E = \frac{1}{2}mv^2 = \frac{1}{2} \times 1 \times 19.6^2 = 192.08$ Joule (Ans.)

For Practice:

01. ভূ-পৃষ্ঠ হতে উপরের দিকে 384.16 J গতিশক্তি দিয়ে নিক্ষিপ্ত বস্তুর 2m উপরে উঠার পরে 344.96 J গতিশক্তি হয়। বস্তুর ভর বের কর। Ans. 2kg
02. 3.6 kg ভরের একটি বন্দুক হতে 365 J গতিশক্তি উৎপন্ন করে 0.05 kg ভরের একটি বুলেট কত বেগে নিক্ষিপ্ত হবে? Ans. 120 ms^{-1}
03. 2 kg ভরের একটি বস্তু কত উচ্চতা হতে অভিকর্ষের টানে পড়ে মাটিতে আঘাত করার পূর্ব মুহূর্তে 2401 J গতিশক্তি লাভ করে? Ans. 122.5 m

Type- 11

Prob. 01: একটা বস্তুকে স্থির অবস্থায় উচ্চস্থান থেকে ছাড়া হয়েছে। বস্তুটি যখন 10 m উচ্চতায় নেমেছে তখন তার গতি শক্তি সেই অবস্থায় স্থিতি শক্তির অর্ধেক। বস্তুটি কত উচ্চতা থেকে ছাড়া হয়েছে? [SUST 06-07]

Solve: $x = \frac{h}{n+1} \Rightarrow h - 10 = \frac{h}{2+1} \Rightarrow h = 15$ m (Ans.)

For Practice:

01. 10 m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোন উচ্চতায় গতিশক্তি স্থিতিশক্তির তিনগুণ হবে? Ans. 2.5 m
02. 30 m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোথায় বিভব শক্তি এর গতিশক্তির অর্ধেক হবে? Hints: $x = \frac{2h}{n+1}$ Ans. 20 m
n = লব ও হরের যোগফল = 1 + 2 = 3
03. একটি বস্তুকে নির্দিষ্ট উচ্চতা থেকে ফেলে দেওয়া হল। ভূমি হতে 10 m উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির দ্বিগুণ হলে কত উচ্চতা হতে বস্তুটি ফেলা হয়েছিল? Hints: $h = h' + nh'$ Ans. 30 m

iv. কর্মদক্ষতা সংক্রান্ত গাণিতিক সমস্যাবলি'র Solve:

Type- 12

Prob. 01: একটি মটর মিনিটে 5.5×10^5kg পানি 100m উপরে উঠাতে পারে। মটরটির দক্ষতা 70% হলে এর ক্ষমতা কত? [Ref: শাহজাহান তপন]

Solve: $P' = \frac{P}{70\%} = \frac{mgh}{t \times 0.7} = \frac{5.5\times10^5 \times 9.8 \times 100}{60 \times 0.7}$
$\Rightarrow P' = 1.28\times10^7$W (Ans.)

For Practice:

01. একটি ইঞ্জিন এক মিনিটে 100kg ভরের একটি বস্তুকে 20m উপরে তুলতে পারে। যদি ইঞ্জিনের ক্ষমতা 30% নষ্ট হয়, তবে ইঞ্জিনের প্রকৃত ক্ষমতা নির্ণয় করো। [Ref: আলী আসগর] Ans. 466.66W
02. একটি পাম্প ঘন্টায় 25×10^6 kg পানি 50m উচুতে তুলতে পারে। পাম্পে ক্ষমতার 70% কার্যকর হলে প্রকৃত ক্ষমতা কত? [Ref: ম.হালিম] Ans. 2.91×10^8 W
03. 200W ক্ষমতা ও 72% দক্ষতা সম্পন্ন মোটর প্রতি সেকেন্ডে কত জুল কাজ করবে? Ans. 144 J
04. একটি মোটরের ক্ষমতা 16 W। 4.0 মিনিটে এর দ্বারা কৃত কাজ কত? [Hint: $w = p \times t$] Ans. 3840 J

Type- 13

Prob. 01: একটি বস্তুকে 6Nm টর্ক প্রয়োগ করে বৃত্তাকার পথে ঘুরানো হচ্ছে। বস্তুটিকে সম্পূর্ণ একবার ঘুরালে কৃতকাজ কত?

Solve: কৃতকাজ $W = \tau\Delta\theta = 6 \times (2\pi) = 12\pi$ Joule (Ans.)

For Practice:

01. একটি বস্তুকে নির্দিষ্ট অক্ষের সাপেক্ষে দুইবার ঘুরাতে 1000 Joule কাজ হয়। প্রযুক্ত টর্কের মান কত? Ans. $\frac{250}{\pi}$ N

ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. শক্তির মাত্রা কি হবে? [DU: 17-18]
A. MLT^{-2} B. ML^2T^{-1} C. M^2LT^{-2} D. ML^2T^{-2} Ans D

02. একটি কণার উপর $\vec{F} = (10\hat{i} + 10\hat{j} + 10\hat{k})$N বল প্রয়োগ করলে কণাটির সরণ হয় $\vec{r} = (2\hat{i} + 2\hat{j} - 2\hat{k})$m। বল কর্তৃক সম্পাদিত কাজ কত হবে? [DU: 17-18]
A. 20 J B. 30 J C. 10 J D. 40 J
Answer A Solve $W = \vec{F} \cdot \vec{r} = (20 + 20 - 20)$ J = 20J

03. 1H.P. = ? [DU (প্রযুক্তি ইউনিট) 16-17; RU 15-16; CU 14-15]
A. 3.6×10^6 watt B. 1 watt C. 764 watt D. 746 watt Ans D

04. ক্ষমতা, বল ও বেগের মধ্যে সম্পর্ক হলো- [DU (প্রযুক্তি ইউনিট) 16-17]
A. P = Pv B. P = Fv C. v = PF D. P = F/v Ans B

05. একটি গাড়ির ইঞ্জিন 200 kN বল প্রয়োগ করে এবং গাড়িটি এক মিনিটে 21m স্থানচ্যুতি হয়। গাড়িটির ক্ষমতা। [DU (IT): 16-17]
A. 4200 kW B. 70 W C. 1200 kW D. 70 kW
Answer D Solve $P = \frac{F.S}{t} = \frac{200 \times 10^3 \times 21}{60} = 70$kW

06. জেনারেটর রূপান্তর করে- [DU (প্রযুক্তি ইউনিট) 16-17]
A. যান্ত্রিক শক্তিকে তড়িৎ শক্তিতে B. তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিকে
C. তড়িৎ শক্তিকে চাপ শক্তিকে D. বল শক্তিকে চাপ শক্তিকে Ans A

07. 30m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোন উচ্চতায় বস্তুটির গতিশক্তি বিভবশক্তির দ্বিগুণ হবে? [DU-A, BUTeX: 16-17; KU: 15-16; NSTU: 17-18]
A. 10 m B. 15 m C. 25 m D. 28 m
Answer A Solve $E_p = mgx$, মোট শক্তি $p' = 30mg$
$\therefore K = mg(30 - x)$
শর্তমতে,
$mg(30 - x) = 2 \times mgx$
$\therefore x = 10$m



08. 1g ভরের একটি বস্তুকে 0.5m ব্যাসার্ধের একটি আনুভূমিক বৃত্তাকার পথে 2m/s সমদ্রুতিতে ঘোরানো হচ্ছে। এক পূর্ণ ঘূর্ণনের জন্য প্রয়োজনীয় কাজের মান কত? [15-16]
A. 0 J B. 1 J C. 2 J D. 4 J
Answer A Solve একটি পূর্ণ চক্রের জন্য কেন্দ্রমুখী বল দ্বারা কৃতকাজ শূন্য।

Scanned with CamScanner

09. চিত্রে দেখানো পথ দিয়ে একটি 4.0 N ওজনের পাথরকে পৃথিবীর অভিকর্ষীয় ক্ষেত্রে P বিন্দু থেকে R বিন্দুতে স্থানান্তরিত করা হল। পাথরটির স্থিতি শক্তি কত বৃদ্ধি পেল? [13-14]

A. 120 J B. 200 J

C. 280 J D. 1200 J



Answer A Solve $E_p = mgh = 4 \times 30 = 120$ J

10. নিচের মিশ্রিত একক গুলির মধ্যে কোনটি ওয়াট এর সমতুল্য নয়? [13-14]

A. joul/sec B. (amp) (volt) C. $(amp^2)(\Omega)$ D. Ω^2/volt

Answer C Solve $P = \frac{W}{t}$ = joul/sec

$\Rightarrow VI = (amp) \times (volt) \Rightarrow I^2R = (amp)^2\ (\Omega)$

11. 100 kg ভরের একটি পাথর 150m উঁচু কোন স্থান হতে ছেড়ে দেয়া হল। 5 sec পরে ভূমি থেকে পাথরটির উচ্চতা কত হবে? [10-11]

A. 22.5 m B. 122.5 m C. 27.5 m D. None

Answer C Solve $h' = 150 - \frac{1}{2}gt^2 = 150 - \frac{1}{2} \times 9.8 \times 5^2 = 27.5$ m

12. একটি নল থেকে 2 m/s বেগে পানি বের হয়ে একটি দেয়ালকে লম্বভাবে আঘাত করছে। নলের প্রস্থচ্ছেদ হচ্ছে 0.03 m^2। ধরা যাক পানি দেয়াল থেকে রিবাউন্ড করছে না। দেয়ালের উপর পানি কি পরিমাণ বল প্রয়োগ করছে? (পানির ঘনত্ব 1000 kg/m^3) [09-10]

A. 1000 N B. 300 N C. 120 N D. 240 N

Joykoly Special: $F = \frac{J}{t} = \left(\frac{m}{t}\right).v = \left(\frac{A \times l\rho}{t}\right)v$
$= 2 \times .03 \times 1000 \times 2 = 120$ N Ans C

13. 100 kg ভরের একটি বস্তুর ভরবেগ 200 kg m/s হলে এর গতিশক্তি কত? [08-09]

A. 400 J B. 300 J C. 200 J D. 100 J

Joykoly Special: $K_E = \frac{p^2}{2m} = \frac{200^2}{2 \times 100} = 200$J Ans C

14. একটি ইলেকট্রনের গতি শক্তি 0.36 eV। এর বেগ কত? [08-09]

A. 3×10^8 m/s B. 2.58×10^7 m/s
C. 3.56×10^5 m/s D. 1.98×10^5 m/s

Answer C Solve $K_E = \frac{1}{2}mv^2$

$\Rightarrow 0.36 \times 1.6 \times 10^{-19} = \frac{1}{2} \times 9.1 \times 10^{-31} \times v^2 \therefore v = 3.56 \times 10^5$ m/s

15. 300 Nm^{-1} বল ধ্রুবক সম্পন্ন একটি স্প্রিংকে কতটুকু সংকুচিত করলে 1.5J কাজ করা হবে? [06-07]

A. 0.1m B. 1.5m C. 3.01 D. 1.0m

Answer A Solve $W = \frac{1}{2}kx^2 \Rightarrow 1.5 = \frac{1}{2} \times 300 \times x^2 \therefore x = 0.1$m

16. একটি বস্তুর ভর বাতাসে 100g ও এলকোহলে 84g। এলকোহলের ঘনত্ব 0.8g/cc হলে বস্তুর আয়তন কত? [06-07]

A. 10.5cc B. 16 cc C. 12.5 cc D. 20 cc

Answer D Solve ভর পার্থক্য = 100–84 = 16g

$\therefore V = \frac{m}{\rho} = \frac{16}{0.8} = 20$cc

17. 1000kg ভর বিশিষ্ট একটি গাড়ি সমান্তরাল রাস্তায় 10ms^{-1} সমগতিতে চলা অবস্থায় বিপরীতে দিকে 400N বল অনুভব করে। এ অবস্থায় গাড়িটির ইঞ্জিনের ক্ষমতা হল– [03-04], [বরিশাল 11-12]

A. 4 kW B. 4200 W C. 4500 W D. 400 W

Joykoly Special: $P = FV = 400 \times 10 = 4000$W $= 4$kW Ans A

18. একটি বৈদ্যুতিক বাতির মাধ্যমে বিদ্যুৎ শক্তিকে রূপান্তরিত করে পাওয়া যায়- [02-03]

A. শুধু তাপশক্তি B. শুধু আলোকশক্তি
C. তাপশক্তি এবং আলোক শক্তি D. পারমাণবিক শক্তি

Answer C Solve – বৈদ্যুতিক বাতি: তাপশক্তি ও আলোকশক্তি।
– বৈদ্যুতিক হিটার: তাপশক্তি।
– মোটর: যান্ত্রিক শক্তি।

19. একটি গাড়ী 36 km/hr বেগে গতিশীল। প্রায় কোন গতিতে চললে গাড়ীটির গতিশক্তি দ্বিগুণ হবে? [02-03]

A. 7 m/s B. 20 m/s
C. 54 m/s D. 14 m/s

Joykoly Special: $\frac{1}{n} = \frac{V_1^2}{V_2^2} \Rightarrow \frac{1}{2} = \frac{10^2}{V_2^2}$; $v_1 = 36$km/hr $= 10$m/s
$\therefore v_2 = 14$m/s Ans D

20. পাম্পের সাহায্যে একটি ওভারহেড পানির ট্যাঙ্কে 100 s সময়ে 1000 kg পানি উত্তোলন করা যায়। ট্যাঙ্কে পানির গড় উচ্চতা 20 হলে পাম্পের ক্ষমতা কত kW। [02-03; JnU 10-11; KU 14-15; BU 11-12]

A. 1.96 B. 2.96
C. 1.02 D. 1.01

Answer A Hint $P = \frac{mgh}{t}$

21. 10 m উঁচু স্থান থেকে 100 gm ভরবিশিষ্ট একটি বলকে ফেলে দিলে যদি বলটি পুনরায় 8 m উঁচু পর্যন্ত ওঠে তবে কি পরিমাণ শক্তি ক্ষয় হয়? [01-02; JnU 10-11]

A. 100J B. 98 J
C. 1J D. 1.96 J

Answer D Solve $E = mgh = 100 \times 10^{-3} \times 9.8 \times (10 - 8) = 1.96$J

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. বল (force), সরণ (displacement) ও কাজ (work) এর মধ্যে সম্পর্ক (relationship) হলো- [JnU-A: 16-17]

A. $W = \vec{F}.\vec{S}$ B. $W = FS\cos\theta$
C. $\vec{W} = \vec{F} \times \vec{S}\cos\theta$ D. A ও B উভয়ই

Answer D Solve $W = \vec{F}.\vec{S} = FS\cos\theta$

02. 1 watt সমান কত Lumen? [15-16]

A. 620 B. 550
C. 621 D. 600 Ans C

03. 30 kg ভর বিশিষ্ট একটি বস্তুর উপর 250N বল 5 সেকেন্ডে ক্রিয়া করলে বস্তুটির ভর-বেগের পরিবর্তন কত হবে? [13-14]

A. 1250 kg.m/s B. 1250 m/s^2
C. 150 kg.m/s D. 7500 m/s^2

Answer A Solve ভরবেগের পরিবর্তন $m(v-u) = Ft = 250 \times 5$
$= 1250$ kgm/s

04. 6N বল কোন নির্দিষ্ট ভরের বস্তুর উপর ক্রিয়া করায় বস্তুটি বলের দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে 10m দূরে সরে গেল। কাজের পরিমাণ কত? [09-10] [CU 12-13]

A. 10 J B. 30 J
C. 6 J D. 15 J

Answer B Solve $W = FS\cos 60° = 6 \times 10 \times \cos 60° = 30$J

Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. 1ft পাউন্ডাল = [JU: 17-18]

A. 0.05214 J B. 0.04214 J C. 0.03214 J D. 0.06214 J

Answer: B Solve: 1 ft pound al = 4.214×10^5 erg

$= \frac{4.214 \times 10^5}{10^7}$ Joule = 0.04214 Joule

02. 2N বল কোনো নির্দিষ্ট ভরের বস্তুর উপর ক্রিয়া করায় বস্তুটির বলের দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে 5m দূরে সরে গেল। কাজের পরিমাণ কত? [JU: 17-18]

A. 6J B. 5J C. 8J D. 10J

Answer: B Solve: $W = Fs\cos\theta$

$= 2 \times 5 \times \cos 60°$

$= 5J$

03. 20 kg-m কে Joule এ প্রকাশ কর। [JU: 17-18]

A. 199J B. 196J C. 200J D. 188J

Answer: B Solve: 20 kg m = $20 \times 9.8 = 196$ J

04. 110 lb ভরের এক ব্যক্তি দৌড়ে 5 সেকেন্ডে 10 ft উঁচু সিঁড়ি বেয়ে উপরে উঠে। লোকটির অশ্বক্ষমতা কত? [JU: 17-18]

A. 0.6 hp B. 0.8 hp C. 0.4 hp D. 0.3 hp

Answer: C Solve: $P = \frac{mgh}{t} = \frac{110 \times 0.4536 \times 9.8 \times \frac{10}{3.28}}{5}$

$= 298.159$ watt $= 0.399$ hp ≈ 0.4 hp

05. 55kg ভরের এক ব্যক্তি 3 সেকেন্ডে 3 meter উঁচু একটি সিঁড়ি বেয়ে উপরে উঠে। ব্যক্তির ক্ষমতা কত? [JU: 17-18]

A. 539 watt B. 639 watt

C. 739 watt D. 839 watt

Answer: A Solve: $P = \frac{W}{t} = \frac{mgh}{t} = \frac{55 \times 9.8 \times 3}{3} = 539$ Watt

06. 270 kg ভরের একটি বোঝা একটি ক্রেনের সাহায্যে 0.1 ms^{-1} ধ্রুব বেগে উঠানো হলো। ক্রেনে কত ক্ষমতা ব্যয় হয়? [JU: 16-17]

A. 270.6 W B. 264.6 W

C. 280.6 W D. 290.6 W

Answer: B Solve: $P = \frac{mgh}{t} = mgv = 270 \times 9.8 \times 0.1 = 264.6$ watt

07. একটি বস্তু সরল পথে (3, 0, 0) বিন্দু থেকে (3, 3, 0) বিন্দুতে গেল। বস্তুটির উপর ক্রিয়াশীল বল $\vec{F} = 4\hat{i} - 3\hat{j} + \hat{k}$ হলে কৃতকাজ হবে- [15-16]

A. –9 J B. – 10 J C. 0 J D. কোনটিই নয়

Answer: A Solve: $S = x_2 - x_1 = (3\hat{i} + 3\hat{j}) - 3\hat{i} = 3\hat{j}$

$W = F.S = (4\hat{i} - 3\hat{j} + \hat{k}) . 3\hat{j} = -9$ J

08. একটি কণার ভরবেগ P. কণাটির গতিশক্তি দ্বিগুণ করলে এর নতুন ভরবেগ কত? [14-15]

A. $\sqrt{4}$ P B. $\sqrt{2}$ P C. $\sqrt{6}$ P D. $\sqrt{3}$ P

Answer: B Solve: $\frac{k_2}{k_1} = \frac{P_2^2}{P_1^2} \Rightarrow P_2 = \sqrt{2}$ P

09. 80kg ভরের এক ব্যক্তি 20kg ভরের একটি বোঝা নিয়ে 10m দীর্ঘ একটি সিঁড়ি বেয়ে নিচে নামল। যদি সিঁড়িটি দেয়ালের সাথে 60° কোণে থাকে তবে সে কত কাজ করল? [14-15]

A. 4900 J B. 800 J C. 4950 J D. 4800 J

Answer: A Solve: $W = mgh\cos\theta$

$= (80 + 20) \times 9.8 \times 10 \times \cos 60° = 4900$J

10. অবস্থান সাপেক্ষে এক তৃতীয় পরিমাণ গড় গতিশক্তি হবে [11-12]

A. $\frac{3}{2} \times$ মোট শক্তি B. $\frac{1}{3} \times$ মোট শক্তি

C. $\frac{2}{3} \times$ মোট শক্তি D. $\frac{1}{2} \times$ মোট শক্তি

11. 64 m উঁচু স্থান হতে 0.5 kg ভরের একটি বস্তুকে খাড়া নিচে ফেলে দেয়া হলে ভূমি স্পর্শ করার মুহূর্তে বস্তুটির গতিশক্তি হবে [11-12]

A. 31.36 J B. 320 J C. 313.6 J D. 400 J

Answer: C Solve: ভূমি স্পর্শ করার মুহূর্তে গতিশক্তি,

$E_K = mgh = 0.5 \times 9.8 \times 64 = 313.6$ J

রাজশাহী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. m এবং 4m ভরের দুটি গতিশীল বস্তুর গতিশক্তি একই হলে তাদের বৈখিক ভরবেগের অনুপাত কত? [RU-F3: 17-18]

A. 1:4 B. 1:2 C. 4:1 D. 2:1

Answer: B Solve: $\frac{1}{2}mv_1^2 = \frac{1}{2}4m.v_2^2 \Rightarrow v_1 = 2v_2$

বৈখিক ভরবেগের অনুপাত $= mv_1 : 4mv_2$

$= m.2v_2 : 4mv_2$

$= 1 : 2$

02. প্রযুক্ত বল এবং সরণের মধ্যে কোণের পরিমাণ 90° হলে কৃত কাজ হবে- [RU-H: 17-18]

A. ধনাত্মক B. শূন্য

C. ঋণাত্মক D. কোনোটিই নয়

Ans: B

03. একটি 5 কিলোগ্রাম সচল বস্তুর সরণের লম্বদিকে 10 নিউটন ও 5 নিউটন মানের দুটি বল বস্তুটির উপর বিপরীত দিকে ক্রিয়া করে। বল দুটি দ্বারা কৃতকাজের মান কত হবে? [RU-H: 17-18]

A. 50 জুল B. 25 জুল C. 0 জুল D. 15 জুল

Answer: C Solve: কোন বল সরণের সাথে লম্বদিকে ক্রিয়া করলে ঐ বল দ্বারা কৃত কাজের পরিমান শূন্য হবে।

$W = Fs\cos\theta$ [$\because \theta = 90°$]

$\therefore W = 0$

04. জলবিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে নিচের কোনটি ব্যবহার করা হয়? [RU-H: 17-18]

A. পানির বিভবশক্তি B. পানির স্থিতিশক্তি

C. পানির সান্দ্রতা D. পানির পৃষ্ঠটান

Ans: A

05. কাজের মান শূন্য হবে যদি প্রযুক্ত বল ও সরণের মধ্যবর্তী কোণ হয়- [RU-G2: 17-18, 09-10]

A. 0° B. 90° C. 180° D. 360°

Answer: B Solve: $W = Fs\cos\theta = Fs\cos 90°$

$\Rightarrow W = 0$

06. যদি 2 ক্যালোরি তাপ সম্পূর্ণভাবে কাজে রূপান্তরিত হয় তবে কাজের পরিমাণ কত? [RU-G2: 17-18]

A. 4.2 J B. 4.8 J C. 8.2 J D. 8.4 J

Answer: D Solve: $2\text{cal} = 2 \times 4.2 = 8.4$J

07. বস্তুর গতিশক্তি k, ভর m হলে, গতিশক্তি ও ভরবেগের মধ্যে সম্পর্ক- [RU-G2:JU, JKKNIU: 17-18]

A. $p = \frac{k^2}{2m}$ B. $k = \frac{2m}{pm}$ C. $k = \frac{p^2}{2m}$ D. $p = \frac{2m}{k^2}$

Answer: C Solve: $k = \frac{1}{2}mv^2 \Rightarrow k = \frac{1}{2}\frac{m^2v^2}{m}$

$\Rightarrow k = \frac{1}{2}\frac{(mv)^2}{m} \Rightarrow k = \frac{p^2}{2m}$

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

08. 2 গ্রাম ভরের বুলেট 1 সে.মি. পুরু 4 টা তক্তা ভেদ করতে পারে। বুলেটটির বেগ অর্ধেক করা হলে তা অনুরূপ কয়টি তক্তা ভেদ করতে পারবে? [RU-F1: 17-18]

A. 1টি B. 3টি C. 2টি D. 4টি

Answer A Solve $\frac{S_2}{S_1}=\frac{v_2^2}{v_1^2}=\frac{\left(\frac{v_1}{2}\right)^2}{v_1^2}=\frac{1}{4}\therefore S_2=\frac{S_1}{4}=\frac{4}{4}=1$ টি।

09. প্রতি সেকেন্ডে 746 জুল কাজ করার সক্ষমতাকে কি বলে? [RU-F3: 17-18]

A. গতিশক্তি B. অশ্বক্ষমতা
C. কিলো-ওয়াট ঘণ্টা D. নিউটন মিটার

Ans B

10. 1 m উঁচু টেবিলের উপর অবস্থিত 100 g ভরের একটি বইকে 10 cm দূরে সরানো হলে, বইটির স্থিতি শক্তির পরিবর্তন হবে- [RU-C3: 17-18]

A. 9.8 J B. 98 J C. 0 J D. কোনোটিই নয়

Answer C Solve নির্দিষ্ট উচ্চতায় কোনো বস্তুর অভিকর্ষীয় স্থিতিশক্তির মান একই। যেহেতু একই টেবিলে বইটিকে সরানো হয়েছে। তাই এখানে উচ্চতার পরিবর্তন হয়নি। সুতরাং, স্থিতিশক্তি স্থির।

11. স্থির অবস্থা থেকে 40 kg ভরবিশিষ্ট কোন বস্তু নির্দিষ্ট বলের ক্রিয়ার ফলে 2s পর 15 ms^{-1} বেগ প্রাপ্ত হল। 4s পর বস্তুটির গতিশক্তি কত হবে? [RU-C1: 17-18]

A. 6000J B. 12000 J C. 18000 J D. 0 J

Answer C Solve $v=0+a\times2 \Rightarrow a=\frac{15}{2}=7.5$

$E_K=\frac{1}{2}mv^2=\frac{1}{2}m(at)^2=\frac{1}{2}40\times(7.5)^2\times16=18000$ J

12. কাজের পরিমান সবচেয়ে বেশি হয় যখন প্রযুক্ত বল ও সরণের মধ্যে কোণের মান- [RU-C1: 17-18, JUST: 16-17]

A. 90° B. 45° C. 0° D. 180°

Answer C Solve বল, সরণ শূন্য হলে কৃতকাজ (ধনাত্মক) সর্বোচ্চ হয়।

13. কেন্দ্রমুখী বল দ্বারা কৃত কাজ কোনটি? [RU-G-1: 16-17]

A. অসীম B. ধনাত্মক
C. শূন্য D. ঋণাত্মক

Ans C

14. 100 kg ভরের একজন লোক প্রতিটি 25 cm উঁচু 20 টি সিঁড়ি 10 s এ উঠতে পারেন। তাঁর ক্ষমতা কত ওয়াট (W)? [RU-H-B: 16-17]

A. 365.54 B. 490.50 C. 500.00 D. 550.00

Answer B Hint $\left[P=\frac{mg(nh)}{t}\right]$

15. শক্তির অপচয়ের ধারণা দেন কে? [15-16]

A. লর্ড কেলভিন B. ওয়াটসন
C. মেক্সওয়েল D. প্লাঙ্ক

Ans A

16. প্রতি ঘণ্টায় 5000 gallon পানি 36 ft উপরে তুলতে সর্বনিম্ন কত অশ্বক্ষমতার ইঞ্জিন লাগবে? [15-16]

A. 0.5 B. 1 C. 1.5 D. কোনটিই নয়

Answer D Solve

$\therefore P=\frac{18950\times9.8\times10.9728}{60\times60}$ W

$=566.04$ W

$=\frac{566.04}{746}$ HP

$=0.76$ HP

m = 5000 gallon
$= 5000\times3.79$ kg
$= 18950$ kg

h = 36 ft
$= 36\times0.3048$
$= 10.9728$ m

17. 2N বল কোন নির্দিষ্ট ভরের বস্তুর উপর ক্রিয়া করায় বস্তুটি বলের দিকের সাথে 60° কোণ উৎপন্ন করে 5cm দূরে সরে গেলে কাজের পরিমাণ কত? [14-15]

A. 5J B. 0.005J
C. 10J D. 0.05J

Answer D $W=FS\cos\theta=2\times5\times10^{-2}\times\cos60°=0.05$ J

18. নিচের কোনটি সংরক্ষণশীল বলের ক্ষেত্রে অসত্য নয়? [14-15]

A. শক্তির অপচয় ঘটে
B. কৃতকাজ পুনরুদ্ধার করা অসম্ভব নয়
C. যান্ত্রিক শক্তির সংরক্ষণ সূত্র খাটে না
D. কোনটিই নয়

Ans B

19. একটি বস্তুকে সমতল ভূমির (i) a স্থান হতে উল্লম্বভাবে b স্থানে নেয়া হল। এরপর (ii) b স্থান হতে আনুভূমিকভাবে c স্থানে নেয়া হলো এবং সবশেষে (iii) c স্থান হতে খাড়া নিচের দিকে ঐ ভূমির d স্থানে নামানো হলো। নিচের কোনটি সঠিক? [14-15]

A. (i)-এ কৃত কাজ ঋণাত্মক B. (ii)-এ কৃত কাজ ধণাত্মক
C. (iii)-এ কৃত কাজ ধনাত্মক D. কোনটিই নয়

Ans C

20. কোন বস্তুর উপর প্রযুক্ত বল দ্বারা কৃতকাজ বস্তুটির গতিশক্তির পরিবর্তনের চেয়ে- [13-14]

A. বেশি B. কম
C. সমান D. কোনটিই নয়

Ans C

21. 3 kg ভরের বস্তুকে ভূপৃষ্ঠ থেকে 20 m উচ্চতায় উঠানো হলো। বস্তুটির শক্তি কত? [12-13]

A. 580 Jule B. 588 Jule C. 600 Jule D. 560 Jule

Answer B Solve $mgh=3\times9.8\times20=588$J

22. একটি পরিপূর্ণ কুয়ার গভীরতা 20 m এবং ব্যাস 2 m। একটি পাম্প 24 মিনিটে কুয়াটিকে পানিশূন্য করতে পারে। পাম্পটির অশ্বক্ষমতা কত? [12-13; JUST 16-17; RUET 09-10; PUST 16-17; CUET 14-15]

A. 6.53 H.P. B. 5.73 H.P. C. 4.63 H.P. D. 1.67 H.P.

Answer B Solve $P=\frac{mgh}{t}=\frac{\pi\left(\frac{2}{2}\right)^2\times20\times1000\times9.8\times10}{24\times60}$

$=4.27\times10^3$ J $=5.73$ H.P.

23. 100 N বল প্রয়োগ করার ফলে কোন বস্তুর বলের দিকে 0.5 m সরণ ঘটলে কাজের পরিমাণ কত হবে? [09-10]

A. 500 J B. 50 J C. 5 J D. 0.5 J

Answer B Solve $W=Fs=100\times0.5=50$ J

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি রাইফেলের গুলির বেগ যদি দ্বিগুণ করা হয়, তাহলে এর গতিশক্তি কতগুণ হবে? [CU-A, JKKNIU: 17-18, IU: 17-18, 14-15]

A. 2 গুণ B. 8 গুণ C. 4 গুণ D. 16 গুণ

Answer C Solve $E_k\propto V^2$

$\therefore E'_k=(2)^2=4$

02. একটি যন্ত্রের কর্মদক্ষতা সমান কত? [15-16]

A. $\frac{\text{নিবেশ কাজ (work input)}}{\text{উৎপাদিত কাজ (work output)}}\times100\%$

B. $\frac{\text{উৎপাদিত কাজ}}{\text{নিবেশ কাজ}}\times100\%$

C. $\frac{\text{নিবেশ কাজ}}{\text{নিবেশ কাজ + উৎপাদিত কাজ}}\times100\%$

D. $\frac{\text{উৎপাদিত কাজ}}{\text{নিবেশ কাজ + উৎপাদিত কাজ}}\times100\%$

E. কোনটিই নয়

Ans B

03. কোন রাশির একক কিলোওয়াট ঘণ্টা (kWh). [15-16]

A. আধান B. শক্তি C. প্রবাহ
D. ক্ষমতা E. অশ্ব ক্ষমতা

Ans B

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

04. কাজের মাত্রা কোনটি? [15-16; IU 15-16]

A. $[M^2L^2T^2]$ B. $[ML^2T^{-2}]$ C. $[ML^{-1}T^{-2}]$
D. $[M^2LT^2]$ E. $[ML^2T^2]$ **Ans B**

05. কোন বল দ্বারা কৃত কাজ W = F. S। F এবং S কোনটিই শূন্য না হলেও কখন কৃত কাজ শূন্য হবে? [15-16]

A. F এবং S একই দিকে B. F এবং S বিপরীতমুখী
C. F এবং S পরস্পরের উপর লম্ব D. F এবং S পরস্পর সমান্তরাল
E. F এবং S এর মধ্যবর্তী কোণ 45° হলে

Answer C Solve $W = FS\cos\theta$
যদি $\underline{F}$ ও $\underline{S}$ পরস্পর লম্ব হয়, $\theta = 90°$ $\therefore W = 0$

06. নীচের কোন জোড়ায় মাত্রা সমান? [14-15]

A. কাজ ও শক্তি B. বল ও পীড়ন C. কাজ ও বল
D. বল ও শক্তি E. কোনটিই নয় **Ans A**

07. কাজের একক কি? [11-12; BSMRSTU 16-17; BRUR 12-13]

A. জুল B. নিউটন C. ওয়াট
D. জুল-সেকেন্ড E. নিউটন/সে.

Answer A Solve কাজের একক জুল

08. ক্ষমতার মাত্রা- [08-09, 05-06; DU 09-10; IU 01-02; CU 13-14]

A. $[ML^2T^{-2}]$ B. $[ML^2T^{-3}]$ C. $[ML^2T^2]$
D. $[ML^{-2}T^2]$ E. $[ML^{-2}T^3]$ **Ans B**

09. শক্তির একক ও মাত্রা হচ্ছে- [07-08], [03-04], [04-05], [IU 00-01]

A. জুল ও $[ML^2T^{-3}]$ B. ওয়াট ও $[ML^2T^{-3}]$ C. জুল ও $[ML^3T^{-3}]$
D. জুল ও $[ML^2T^{-2}]$ E. জুল ও $[MLT^{-2}]$ **Ans D**

10. একক ক্ষেত্রফলের উপর প্রযুক্ত বলকে ---- বলে। [06-07]

A. ঘনত্ব B. সময় C. বেগ
D. ত্বরণ E. চাপ **Ans E**

11. ক্ষমতার একক কি? [06-07]

A. নিউটন/সেকেন্ড B. নিউটন-মিটার C. জুল-সেকেন্ড
D. জুল/সেকেন্ড E. নিউটন/সেকেন্ড **Ans D**

12. 6 Watt ক্ষমতাসম্পন্ন একটি মোটর 1 minute-এ কতটুকু কাজ করবে? [04-05]

A. 6J B. 60J
C. 360J D. 3600J

Answer C Solve $W = Pt = 6 \times 60 = 360\ J$

13. $[ML^2T^{-2}]$ হচ্ছে- [04-05], [03-04], [IU 02-03]

A. শুধুমাত্র কাজের মাত্রা B. কাজ ও শক্তি কোনটির মাত্রা নয়
C. কাজ ও শক্তি উভয়ের মাত্রা D. শুধুমাত্র শক্তির মাত্রা **Ans C**

14. একটি বৈদ্যুতিক মোটর 240 ভোল্টে চলে এবং এর ক্ষমতা 120 ওয়াট যদি মোটরটি 40 নিউটন ওজনের একটি বস্তু 4 সেকেন্ডে 8 মিটার উচ্চতায় উঠাতে পারে তবে মোটরটির দক্ষতা কত? [03-04]

A. 17% B. 20%
C. 25% D. 67%

Answer D Solve $P' = \frac{mgh}{t} = \frac{40 \times 8}{4} = 80$ watt

Now, $\eta = \frac{P'}{P} \times 100 = \frac{80}{120} \times 100 = 67\%$

15. 100gm ভরের একটি বস্তুকে 100m উপর হতে ছেড়ে দেয়া হলো। ভূ-পৃষ্ঠকে স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি কত? [02-03]

A. 9800J B. 980J
C. 98J D. 9.8J

Answer C Solve গতি শক্তি = $mgh = 0.1 \times 9.8 \times 100 = 98\ J$

খুলনা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. 60 kg ভরের জনৈক ব্যক্তি 20 min এ 180 m উচ্চ চূড়ায় আরোহণ করেন। তার বিভবশক্তি কত জুল? [KU: 17-18]

A. 9.58×10^4 B. 10.58×10^4 C. 12.58×10^4 D. 15.58×10^4

Answer B Solve $E_p = mgh$
$= 60 \times 9.8 \times 180 = 105840 = 10.58 \times 10^4\ J$

02. 100 kg ভরের একজন লোক প্রতিটি 25 cm উঁচু 20 টি সিঁড়ি 10 s এ উঠতে পারেন। তাঁর ক্ষমতা কত ওয়াট (W)? [KU 16-17; Jnu 08-09; CUET 14-15; JUST 15-16; BU 12-13]

A. 365.54 B. 490.50 C. 500.00 D. 550.00

$m = 100kg$
$h = 25 \times 20 = 500cm = 5m$
$t = 10s$

Answer B Solve $P = \frac{mgh}{t}$
$= \frac{100 \times 9.81 \times 5}{10} = 490.5W$

03. 25N বল কোন স্প্রিংকে টেনে 10cm বৃদ্ধি করে। স্প্রিংকে 6cm প্রসারিত করলে কত কাজ সম্পন্ন হয়? [15-16]

A. 0.45J B. 0.045J C. 0.25J D. 2.5J

Answer A Solve $F = kx \Rightarrow k = \frac{F}{x} = \frac{25}{0.1} = 250\ Nm^{-1}$

Now, $W = \frac{1}{2}k(x')^2 = \frac{1}{2} \times 250 \times (0.06)^2 = 0.45\ J$

04. $\vec{r} = 3\hat{i} + \hat{j} - \hat{k}$ ভেক্টরের দিকে চলমান একটি বস্তুর উপর যদি প্রযুক্ত বল $\vec{F} = 2\hat{i} - \hat{j} - \hat{k}$ হয় তাহলে কত কাজ করা হবে? [14-15]

A. 10 একক B. 15 একক C. 100 একক D. 6 একক

Answer D Solve $W = \vec{F}.\vec{r} = 6 - 1 + 1 = 6$ একক।

05. একটি ইটের দৈর্ঘ্য 0.24 m, প্রস্থ 0.12 m ও উচ্চতা 0.06 m এবং ভর 2 kg। ইটের দৈর্ঘ্য কে আনুভূমিক অবস্থান হতে উলম্ব অবস্থানে রাখলে কি পরিমাণ কাজ করতে হবে? [13-14]

A. 1.564 J B. 1.664 J C. 1.764 J D. 1.864 J

Answer C Solve আনুভূমিক থেকে উলম্ব অবস্থানে নিলে

সরণ $= \frac{0.24}{2} - \frac{0.06}{2} = 0.09$ m

$\therefore$ কাজ $= mgh = 2 \times 9.8 \times 0.09 = 1.764\ J$

06. 7.5 m লম্বা একটি মই দেয়ালের সাথে 60° কোণে হেলানো আছে। 65 kg ভরের এক ব্যক্তি 12 kg ভরের একটি বোঝাসহ 20 s এ মই বেয়ে ছাদে উঠে। প্রযুক্ত ক্ষমতা কত? [12-13]

A. 131.5 W B. 135.5 W C. 121.5 W D. 141.5 W

Answer D Solve $\frac{h}{7.5} = \sin(90-60) \Rightarrow h = 3.75$ m

$P = \frac{mgh}{t} = \frac{(65+12) \times 9.8 \times 3.75}{20} = 141.48$ W

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. 1 N/m স্প্রিং ধ্রুবকবিশিষ্ট কোন স্প্রিংকে শিথিল অবস্থা থেকে 0.1m সংকুচিত করা হয়। এ অবস্থায় স্প্রিংটির বিভব শক্তি কত Joule? [SUST: 17-18]

A. 10^{-3}J B. 5×10^{-2}J C. -5×10^{-3}J
D. 5×10^{-3}J E. -5×10^{-4}J

Answer D Solve $W = \frac{1}{2}Kx^2 = \frac{1}{2} \times 1 \times (0.1)^2 = 5 \times 10^{-3}$J

Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

04. 2 hp এর একটি পাম্প 12 min এ 1000 lit এর একটি ট্যাংকে পানি ভর্তি করতে পারে। অতিরিক্ত 1 hp এর একটি পাম্প যুক্ত করলে উক্ত কাজে কত মিনিট সময় সাশ্রয় হবে? [JUST-A: 17-18]

A. 8 B. 4 C. 6 D. 2

Answer B Solve 2hp পাম্পের জন্য, $h = \frac{pt}{mg} = 109.62m$

অতিরিক্ত 1hp যুক্ত করলে 3hp পাম্পের জন্য, $t = \frac{mgh}{p} = 480s = 8mint$

সময় সাশ্রয় হবে = (12 – 8) বা 4 mint.

05. কোন বস্তুর গতিশক্তি 300% বৃদ্ধি করা হলে, উক্ত বস্তুর ভরবেগ কত বাড়বে? [JUST 16-17]

A. 100% B. 150% C. 175%
D. 200% E. 125%

Answer A Solve $E_K \propto P^2 \therefore \frac{P_2^2}{P_1^2} \Rightarrow \sqrt{\frac{4x}{x}} = \frac{P_2}{P_1}$

$\therefore P_2 = 2P_1$

$\therefore \Delta P = 2P_1 - P_1 = P_1 = 100\%$

06. 80 m উচ্চতা থেকে যদি একটি বল মেঝেতে পড়ে এবং বলটির 20% শক্তি মেঝের সাথে প্রতিঘাতে হ্রাস পায়, তবে বলটি মেঝেতে বারি খেয়ে কত উচ্চতায় উঠবে? [JUST 16-17]

A. 60 m B. 68 m C. 66 m
D. 64 m E. 72 m

Answer D Solve $E = E_1 - E_2$; $h = 80 - 80 \times \frac{20}{100} = 64m$

07. 5 kg ভরের একটি বস্তুর ত্বরন $3ms^{-2}$ হলে 5 s পর বস্তুটির গতিশক্তি কত হবে? [JUST 16-17]

A. 360.5 J B. 462.5 J C. 562.5 J D. 762.5 J

Answer C Hint $E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2}m(at)^2$

08. 250 kg ভরের একটি বোঝা একটি ক্রেনের সাহায্যে 0.1 ms^{-1} ধ্রুব বেগে উঠানো হলে ক্রেনটির ক্ষমতা কত? [JUST 16-17]

A. 2.45 W B. 245 W C. 246 W
D. 248 W E. 345 W

Answer B Hint $P = \frac{mgh}{t} = mgv$

09. কোন বস্তুর গতিশক্তি 300% বৃদ্ধি করা হলে উক্ত ভরবেগ বাড়বে- [15-16]

A. 100% B. 150% C. 200%
D. 250% E. 300%

Answer A Solve $E_k \propto P^2$; 300% বৃদ্ধি করা মানে 4 গুণ করে, ফলে ভরবেগ দ্বিগুণ হবে। অর্থাৎ 100% বৃদ্ধি পাবে।

10. h মিটার উচু স্থান থেকে একটি বস্তু পড়ছে। কোথায় তার গতি-শক্তি স্থিতি-শক্তির অর্ধেক হবে? [15-16]

A. h/3 মিটার B. 2h/3 মিটার C. 3h/2 মিটার
D. h/2 মিটার E. 4h/3 মিটার

Answer B Solve $mg(h-x) = \frac{1}{2}mgx \quad \therefore x = \frac{2h}{3}$

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. অসংরক্ষণশীল বল কোনটি? [BSMRSTU-B: 17-18]

A. সান্দ্র বল B. মাধ্যাকর্ষণ বল C. তড়িৎ বল D. কোনোটিই নয়

Answer A Solve সংরক্ষণশীল বল: অভিকর্ষ বল, বৈদ্যুতিক বল, আদর্শ স্প্রিং এর বিকৃতি প্রতিরোধী বল ও মহাকর্ষ বল ইত্যাদি।
অসংরক্ষণশীল বল: ঘর্ষণ বল, সান্দ্র বল ইত্যাদি।

02. একটি শিকলের এক-চতুর্থাংশ একটি টেবিল থেকে নিচের দিকে ঝুলছে। শিকলের ঝুলন্ত অংশ টেবিলের উপর পর্যন্ত নিতে কত কাজ হবে? (শিকলের ভর M, দৈর্ঘ্য L) [BSMRSTU-A: 17-18]

A. MgL / 32 B. MgL / 8 C. MgL / 16 D. MgL / 4

Answer A Solve যেহেতু, দড়ির দৈর্ঘ্য L এবং L এর $\frac{1}{4}$ অংশের ভ

কেন্দ্রের সরণ $\frac{1}{2} \times \frac{L}{4}$

$\therefore$ কৃতকাজ $= \frac{M}{4} \times g \times \frac{L}{8} = \frac{MgL}{32}$

03. 1km উঁচুতে অবস্থিত একটি বিমান থেকে 500g একটি বোমা ফেলা হল ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি হবে- [BSMRSTU 16-17]

A. 4900J B. 4500J C. 3900J D. 5100J

Answer A Solve ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে গতি শক্তি, $E_k = mgh$
$= 0.5 \times 9.8 \times 1000 = 4900J$

04. 60kg ভরের জনৈক 20 মিনিটে 180m উচ্চ একটি চূড়ায় আরোহণ করেন, তার বিভব শক্তি কত? [BSMRSTU 16-17]

A. $10.58 \times 10^4 J$ B. $5.63 \times 10^{-3} J$
C. $6.84 \times 10^{16} J$ D. $9.82 \times 10^3 J$

Answer A Solve $E_P = mgh = 60 \times 9.8 \times 180 = 10.58 \times 10^4 J$

05. k স্প্রিং ধ্রুবক বিশিষ্ট কোন স্প্রিং এর মুক্ত প্রান্তের x পরিমাণ সরণ ঘটলে সঞ্চিত বিভব শক্তি- [BSMRSTU 16-17]

A. $W = kx^2$ B. $W = \frac{1}{2}kx^2$ C. $W = kx$ D. $W = \frac{1}{2}kx^3$ Ans B

06. যদি কোন পাহাড়ের শীর্ষে ও খনির গভীরে সরল দোলকের দোলনকাল একই হয় তাহলে পাহাড়ের ও খনির গভীরতার অনুপাত হবে- [BSMRSTU 16-17]

A. 1:2 B. 2:1 C. 4:3 D. 3:4 Ans A

07. একটি পাম্প 4.9 min-এ কূয়া থেকে 10,000 L পানি 6 m উচ্চতায় তুলতে পারে। পাম্পের ক্ষমতার 80% কার্যকর হলে এর ক্ষমতা কত? [BSMRSTU 16-17]

A. 5.0 kW B. 2.5 kW C. 5.5 kW D. কোনটিই নয়

Answer B Solve $P = \frac{mgh}{t} \times \frac{100}{80} = 2500\ W = 2.5\ kW$

08. 2 Nm^{-1} স্প্রিং ধ্রুবকের একটি স্প্রিং এর দৈর্ঘ্য সাম্যাবস্থান থেকে 0.1m বৃদ্ধি করলে স্প্রিং এর বিভব শক্তি কত হবে? [BSMRSTU 16-17]

A. 0.1 J B. 0.01 J C. 0.001 J D. 0.000 J Ans B

09. একটি 10 kg ভরকে 1km উপর থেকে নিচে পড়তে দেওয়া হলো ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি- [15-16]

A. $10000 \times g$ B. $1000 \times g$ C. $20000 \times g$ D. কোনটিই নয়

Answer A Solve ভূমি স্পর্শ করা পূর্ব মুহূর্তে গতিশক্তি,
$E_k = mgh = 10 \times g \times 1000 = 10000\ g$

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি মটরের ক্ষমতা 16 W। 4 মিনিটে এর দ্বারা কৃতকাজ কত হবে? [PUST-B: 17-18]

A. 3400 J B. 3440 J C. 3700 J D. 3840 J

Answer D Solve $W = p \times t = 16 \times 4 \times 60 = 3840J$

02. 6000 ওয়াটের একটি মোটর 10 সেকেন্ডে কী পরিমাণ কাজ করে? [PUST-A1/A2: 17-18]

A. 6×10^1 joule B. 6×10^2 joule
C. 6×10^3 oule D. 6×10^4 joule

Answer D Solve $W = Pt = 6000 \times 10 = 6 \times 10^4\ J$

Scanned with CamScanner

03. 5 kg ভরের একটি বস্তু 5 m উঁচু থেকে একটি পেরেকের উপর পড়লে পেরেকটি মাটির ভিতরে 10 cm ঢুকে যায়। মাটির গড় প্রতিরোধ বল কত? [15-16]

A. 2500 N B. 2499 N C. 1250 N D. 1249 N

Answer B Solve $mg(h+x) = Fx$

$\therefore F = \frac{5 \times 9.8 \times (5+0.1)}{0.1} = 2499N$

04. একটি ইঞ্জিন কোনো কণার উপর $2\hat{i} + 5\hat{j} - 2\hat{k}$ নিউটন বল 2 সেকেন্ডে প্রয়োগ করায় কণাটির $\hat{i} + 3\hat{j} + \hat{k}$ মিটার সরণ হয়। ইঞ্জিনটির ক্ষমতা কত? [15-16]

A. 15 ওয়াট B. 7.5 ওয়াট C. 75 ওয়াট D. 15 ওয়াট

Answer B Solve $P = \frac{W}{t}$

$\Rightarrow P = \frac{\vec{F}.\vec{x}}{t} \Rightarrow P = \frac{2+15-2}{2} \Rightarrow P = 7.5\ W$

05. 2.5 kg ভরের একটি বোমা ভূমি হতে 1km উঁচুতে অবস্থিত একটি বিমান থেকে ফেলে দেওয়া হলো। ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে বোমার গতিশক্তি কত? [15-16]

A. 49000 J B. 2450 J C. 24500 J D. 4900 J

A. 2×10^6 m B. 3.5×10^6 m C. 3.2×10^6 m D. 2.5×10^6 m

Ans C Solve $\frac{g_h}{g} = 1 - \frac{h}{R}$

$\Rightarrow \frac{0.5g}{g} = 1 - \frac{h}{6.4\times10^6} \Rightarrow h = 3.2 \times 10^6$ m

10. মঙ্গল গ্রহের ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের 0.532 গুণ এবং ভর 0.11 গুণ। ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান 9.8 ms^{-1} হলে মঙ্গলের পৃষ্ঠে অভিকর্ষজের মান কত? [06-07]

A. 4.8 ms^{-2} B. 3.8 ms^{-2} C. 5.8 ms^{-2}
D. 3.44 ms^{-2} E. 6.8 ms^{-2}

Ans B Solve

$\frac{g_m}{g_e} = \frac{M_m Re^2}{M_e R_m^{\ 2}} = \frac{0.11M_e \times R_e^{\ 2}}{M_e \times (0.532)^2 R_e^{\ 2}} = 0.39 \times g_e$

$\therefore g_m = 3.8\ ms^{-2}$

11. মহাকর্ষীয় বিভব: [04-05]

A. $V = \frac{Gm}{r}$ B. $V = -\frac{Gm}{r}$
C. $V = \frac{Gm}{r^2}$ D. $V = \frac{Gm}{r^2}$

Ans B

12. মহাকর্ষীয় ক্ষেত্রের কোন বিন্দুতে একক ভরের একটি বস্তু স্থাপন করলে সেটি যে বল লাভ করে তাকে ঐ বিন্দুর- [03-04]

A. মহাকর্ষীয় কেন্দ্র বলে
B. মহাকর্ষীয় ক্ষেত্র বলে
C. মহাকর্ষীয় কেন্দ্র বিভব বলে
D. মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য বলে

Ans D

13. অভিকর্ষীয় ত্বিতিশক্তি পরিশোধিতে রূপান্তরিত হয় যদি- [03-04]

A. বস্তু ভারী অবস্থা থেকে হালকা পরিণত হয়
B. একটি পাখি আনুভূমিক ভাবে চলে স্থির অবস্থা হতে বেগ লাভ করে
C. একটি বস্তু টেবিল হতে নীচে পড়ে
D. একটি বস্তু আনুভূমিক বৃত্তাকার পথে ঘুরে

Ans C Solve টেবিলে বস্তুটি থাকলে তাতে স্থিতিশক্তি জমা ছিল এবং তা মিত্র পড়ে গেলে স্থিতিশক্তি পরিশোধিতে রূপান্তরিত হয়।

14. যদি পৃথিবীর ভর M এবং ব্যাসার্ধ R হয়, তবে ভূ-পৃষ্ঠ হতে h উচ্চতায় কৃত্রিম উপগ্রহের বৈধিক বেগ v হবে- [02-03]

A. $\left(\frac{GM}{R+h}\right)^{1/2}$ B. $\left(\frac{GM}{R+h}\right)$
C. $\left(\frac{R+h}{GM}\right)^{1/2}$ D. $\left(\frac{Rh}{GM}\right)^{1/2}$

Ans A

খুলনা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি (পর্ট টেকনিকের সাহায্যে সমাধান)

01. 2kg ভরের কোনো বস্তুর চাঁদে ওজন কত নিউটন হবে? [KU: 17-18]

A. 1.6 B. 3.2 C. 9.8 D. 19.6

Ans B Solve $W = mg_m = m\frac{g_e}{6} = \frac{2\times9.8}{6} = 3.2N$

02. পৃথিবীর ঘনত্ব- [14-15]

A. $5.5 \times 10^3\ kgm^{-3}$ B. $5.96 \times 10^{24}\ kgm^{-3}$
C. $6.673 \times 10^{-11} kgm^{-3}$ D. কোনটিই নয়

Ans A Solve পৃথিবীর ঘনত্ব = $5.5 \times 10^3\ kg/m^3$

03. ভূ-পৃষ্ঠে কোন লোকের ওজন 648 N হলে তিনি চাঁদে গিয়ে কতটুকু ওজন হারাবেন? পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চাঁদের ভর ও ব্যাসার্ধের 81 ও 4 গুণ। [12-13]

A. 520 N B. 225 N C. 250 N D. 252 N

Ans A Solve $g' = \frac{GM'}{R'^2} = \frac{GM \times 4^2}{81R^2} = \frac{16}{81}g$

$W' = \frac{16}{81} \times W = \frac{16}{81} \times 648 = 128N$

$\therefore$ ওজন হারাবে = W – W' = 648 – 128 = 520N

04. পৃথিবী প্রদক্ষিণ করার সময় একজন নভোচারী ওজনহীনতা অনুভব করেন কারণ- [12-13]

A. এক্ষেত্রে কেন্দ্রমুখী বল শূন্য
B. এক্ষেত্রে কেন্দ্রবিমুখী বল শূন্য
C. এক্ষেত্রে কেন্দ্রমুখী এবং কেন্দ্রবিমুখী বল সমান
D. এক্ষেত্রে কেন্দ্রবিমুখী বলের চেয়ে কেন্দ্রমুখী বল বড়

Ans C

05. কৃত্রিম উপগ্রহের আবর্তনকাল- [12-13]

A. $T = 2\pi\sqrt{\frac{(R+h)}{GM}}$ B. $T = 2\pi\sqrt{\frac{(R+h)^3}{GM}}$
C. $T = 2\pi\sqrt{\frac{GM}{R+h}}$ D. $T = 2\pi\sqrt{\frac{GM}{(R+h)^2}}$

Ans B

06. পৃথিবীর ঘূর্ণন না থাকলে পৃথিবী পৃষ্ঠে বস্তুসমূহের ভর- [11-12]

A. দ্বিগুণ হবে
B. অর্ধেক হবে
C. শূন্য হবে
D. অপরিবর্তিত থাকবে

Ans D

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. ভূপৃষ্ঠের 200 km উর্ধ্বে অভিকর্ষজ ত্বরণ কত m/s^2? (পৃথিবীর ব্যাসার্ধ 6400 km এবং ভূপৃষ্ঠে g এর মান 9.8 m/s^2) [SUST-B-97: 16-17]

A. 9.19 B. 8.85 C. 7.75
D. 6.92 E. 5.89

Answer: A Hint $\left[g' = g\left(1 - \frac{2h}{R}\right)\right]$

02. পৃথিবীতে তোমার ওজন 50kg-wt, মঙ্গলগ্রহে কত? মঙ্গলগ্রহের ভর পৃথিবীর ভরের 1/10 এবং মঙ্গল গ্রহের ব্যাস পৃথিবীর ব্যাসের অর্ধেক। [11-12]

A. 20kg-wt B. 25kg-wt C. 30kg-wt
D. 40kg-wt E. 100kg-wt

Answer: A Solve $g' = g\frac{\frac{m}{10}}{\left(\frac{R}{2}\right)^2} \times \frac{R^2}{m} = \frac{4}{10} \times 50\ \text{kgwt} = 20\ \text{kg-wt}$

03. পৃথিবী পৃষ্ঠ হতে 800km উর্ধ্বের একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীকে প্রদক্ষিণ করছে। উপগ্রহটির আনুভূমিক বেগ: (পৃথিবীর ব্যাসার্ধ 6400km এবং পৃথিবীর পৃষ্ঠে $g = 9.8mS^2$) [04-05]

A. 7466.67 ms^{-1} B. 7476.67 ms^{-1}
C. 7566.67ms^1 D. 7477.67ms^{-1}

Answer: A Solve
$v = R\sqrt{\frac{g}{R+h}} = 6400 \times 10^3 \sqrt{\frac{9.8}{6400 \times 10^3 + 800 \times 10^3}}$
$= 7466.67\ ms^{-1}$

04. M ভরের একটি লিফট সমবেগে h উচ্চতা অতিক্রম করছে, লিফটির উপর মোট যে কাজ করা হয়েছে তা- [02-03]

A. ধনাত্মক B. ঋণাত্মক C. mgh D. শূন্য

Answer: B Solve বল প্রয়োগের দিকের বিপরীত দিকে সরন হলে ঋণাত্মক কাজ হয়। এখানে লিফটের উপরে সরণ হয় এবং অভিকর্ষ বল নিচের দিকে ক্রিয়া করে। তাই কাজ ঋণাত্মক।

. ভূ-পৃষ্ঠ থেকে কত উচ্চতায় গেলে সেখানকার অভিকর্ষজ ত্বরনের মান ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মানের এক শতাংশ হবে? পৃথিবীকে 6.4×10^6m ব্যাসার্ধের গোলক মনে কর? [01-02]

A. $37.5 \times 10^5\ Nm^{-2}$ B. $10 \times 10^4\ Nm^{-2}$
C. $2.1 \times 10^5\ Nm^{-2}$ D. 57.6×10^6 m

Answer: D Solve উচ্চতা, $h = \left(\sqrt{\frac{g}{g_h}} - 1\right)R$
$= \left(\sqrt{\frac{100}{1}} - 1\right)R$
$\Rightarrow h = 9R = 57.6 \times 10^6$m

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান

01. দুটি বস্তুর মধ্যে যে দূরত্ব আছে তা অর্ধেকে নেমে আসলে মহাকর্ষ বল- [15-16]

A. দ্বিগুণ কমে B. দ্বিগুণ বাড়ে C. চারগুণ বাড়ে D. চারগুণ কমে

Answer: C Solve $F \propto \frac{1}{d^2}$

02. ভূ-পৃষ্ঠ হতে 45° কোণে উপরের দিকে নিক্ষিপ্ত কোন বস্তুর মুক্তিবেগ কত হবে? [15-16]

A. $11.2\sqrt{2}$ Km/s B. 11.2 Km/s C. $\frac{11.2}{\sqrt{2}}$ Km/s D. $\sqrt{2}$ Km/s

Answer: B Solve যেভাবেই নিক্ষেপ করা হোক না কেন, মুক্তিবেগ একই থাকে

03. মহাকর্ষীয় প্রাবল্য ও মহাকর্ষীয় বিভবের মধ্যে সম্পর্ক হলো- [15-16]

A. $E = \frac{dV}{dr}$ B. $E = Vr$
C. $E = -\frac{dV}{dr}$ D. $E = \frac{V}{r}$

Ans C

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান

01. নিজ অক্ষের সাপেক্ষে পৃথিবীর আবর্তন হঠাৎ থেমে গেলে 60° অক্ষাংশে g এর মান কত পরিবর্তন হবে? [BSMRSTU-C: 17-18]

A. 8.435 m/sec^2 B. 0.4835 m/sec^2
C. 0.8354 cm/sec^2 D. 0.8435 cm/sec^2

Answer: Blank Solve ω সমকৌণিক বেগে আবর্তনরত পৃথিবীর পৃষ্ঠে 60° অক্ষাংশে কোন স্থানে অভিকর্ষজ ত্বরণ,
$g' = g - \omega^2 R\cos^2\lambda$ | যখন $\lambda = 60°$
$\Rightarrow g' = g - 0 \times R(\cos 60°)^2$ | $\omega = 0$
$\therefore g' = g$; আবর্তনকাল বন্ধ হলে g অপরিবর্তিত থাকবে।

02. পৃথিবীর কেন্দ্রে কোনো বস্তুর ওজন শূন্য কেন? [BSMRSTU-B: 17-18]

A. ভূপৃষ্ঠ থেকে পৃথিবীর ব্যাসার্ধের সমান দূরুত্ব নিচে থাকে বলে
B. কেন্দ্রে পৃথিবীর ব্যাসার্ধ শূন্য বলে
C. কেন্দ্রে পৃথিবীর আয়তন শূন্য বলে
D. সবগুলোই সঠিক

Ans D

03. পৃথিবী পৃষ্ঠে মধ্যাকর্ষণজনিত ত্বরণের মান কত? [BSMRSTU 16-17]

A. $12ms^{-2}$ B. $11.8ms^{-2}$
C. $9.8ms^{-2}$ D. $15ms^{-2}$

Ans C

04. পৃথিবীকে R ব্যাসার্ধের একটি গোলক কল্পনা করলে যে উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মানের অর্ধেক হবে, তা হলো– [BSMRSTU 16-17]

A. $(\sqrt{2}-1)R$ B. $(\sqrt{2}+1)R$
C. $\frac{R}{(\sqrt{2}-1)}$ D. $\frac{R}{(\sqrt{2}+1)}$

Answer: A Solve $h = \left(\sqrt{\frac{g_e}{g_h}} - 1\right)R = \left(\sqrt{\frac{2g_e}{g_e}} - 1\right)R$
$= (\sqrt{2}-1)R$

05. বস্তুর মুক্তি বেগ নির্ভর করে– [BSMRSTU 16-17]

A. বস্তুর ভরের উপর B. পৃথিবীর ভরের উপর
C. পৃথিবীর ব্যাসার্ধের উপর D. কোনটিই নয়

Answer: C Hint $V = \sqrt{2gR}$

06. ভূপৃষ্ঠে থেকে কত উঁচুতে গেলে সেখানকার অভিকর্ষজ ত্বরণের মান ভূপৃ অভিকর্ষজ ত্বরণের মানের এক শতাংশ হবে? [15-16]

A. 58.6×10^5 m B. 57.6×10^6 m
C. 57.6×10^7 m D. 58.6×10^6 m

Answer: B Solve $\frac{g'}{g} = \frac{R^2}{(R+h)^2}$
$\Rightarrow \frac{1}{10} = \frac{R}{R+h}$
$\Rightarrow h = 9R \Rightarrow h = 57.6 \times 10^6$ m

Scanned with CamScanner

07. ভূ-পৃষ্ঠ হতে অল্প উচ্চতায় এবং ভূ-পৃষ্ঠের সমান্তরালে একটি নভোযান কি দ্রুতিতে চললে যাত্রীরা ওজনহীনতা অনুভব করবে? (পৃথিবীর ব্যাসার্ধ = 6400km, $g = 9.8\ m/s^2$) [15-16]

A. 11.18 km/s
B. 9.8 km/s
C. 9.7 km/s
D. 7.9 km/s

Answer D Solve কেন্দ্রবিমুখী ত্বরণ অভিকর্ষণ ত্বরণের সমান হলে ওজনহীনতা অনুভূত হবে।

কেন্দ্র বিমুখী ত্বরণ, $a = \frac{v^2}{R}$

08. ভূ-পৃষ্ঠ হতে কত উঁচুতে g-এর মান ভূ-পৃষ্ঠের $\frac{1}{8}$ অংশ হবে? [15-16]

A. 1.8R
B. 3.6R
C. 4R
D. $2\sqrt{2}R$

Answer A Solve $\frac{g'}{g} = \frac{R^2}{(R+h)^2} \Rightarrow \frac{1}{2\sqrt{2}} = \frac{R}{(R+h)}$

$\Rightarrow R(2\sqrt{2}-1) = h \quad \therefore h = 1.8R$

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পার্কিং কক্ষ পথ কী? [PUST-A1/A2: 17-18]

A. যে পথে বিমান চলাচল করে
B. পোলার উপগ্রহের কক্ষপথ
C. পৃথিবীর কক্ষপথ
D. ভূ-স্থির উপগ্রহের কক্ষপথ

Answer D Solve যে ভূ-স্থির উপগ্রহের পর্যায়কাল 24 ঘণ্টা তার কক্ষপথকে পার্কিং কক্ষপথ বলে।

02. মহাকর্ষ সূত্র ব্যবহার করে নিম্নের কোন কাজটি সম্ভব নয়? [15-16]

A. কৃত্রিম উপগ্রহের মাধ্যমে যোগাযোগ
B. প্রাকৃতিক গ্যাস উত্তোলন
C. কয়লা উত্তোলন
D. পারমানবিক বোমা তৈরি

Ans D

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. ভূপৃষ্ঠে একজন লোক 3 m লাফাতে পারে। চন্দ্রপৃষ্ঠে কত উঁচুতে লাফাতে পারবে? [NSTU: 17-18]

A. 3 m
B. 6 m
C. 9 m
D. 18 m

Answer D Solve চন্দ্রপৃষ্ঠে g এর মান ভূ-পৃষ্ঠের 6 ভাগের 1 ভাগ। ফলে ভূ-পৃষ্ঠে একজন 3m লাফাতে পারলে চন্দ্রপৃষ্ঠে 18m উঁচুতে লাফাতে পারবে।

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

1. প্রতিটি গ্রহের পর্যায়কালের বর্গ গ্রহের কক্ষপথের পরাক্ষের অর্ধেকের - [JUST-C: 17-18]

A. সমানুপাতিক
B. বর্গের সমানুপাতিক
C. ঘন এর সমানুপাতিক
D. বর্গের ব্যাস্তানুপাতিক

Answer C Solve কেপলারের ৩য় সূত্র, $T^2 \propto r^3$

গাছের একটি আপেল পৃথিবীকে F` বলে আকর্ষণ করছে। পৃথিবী আপেলকে F বলে আকর্ষণ করছে। নিম্নের কোনটি সঠিক? [JUST-B: 17-18]

A. F`>>F
B. F`=F
C. F<F`
D. F>F`

Answer B Solve যে কোন বলের জন্য দুটি বস্তু পরস্পরকে আকর্ষণ করলে তাদের আকর্ষণ বল সমান।

03. যদি পৃথিবী হতে সূর্যের দূরত্ব বর্তমান দূরত্বের অর্ধেক করা হয় তাহলে এক বছরে দিনের সংখ্যা হবে প্রায়- [JUST-A: 17-18]

A. 730
B. 182
C. 365
D. 129

Answer D Solve $\frac{T_1^2}{T_2^2} = \frac{r_1^3}{r_2^3} \Rightarrow \frac{365^2}{T_2^2} = \frac{r^3}{r^3/8}$

$\therefore T_2 = 129 day$

04. ভূমির সাথে θ কোণে আনত কোনো তল হতে একটি বস্তু পড়তে থাকলে বস্তুর ত্বরণের মান কত? [JUST-A: 17-18]

A. g
B. $g\cos\theta$
C. $g\sin\theta$
D. $g\tan\theta$

Answer A Solve বস্তুর ত্বরণ g কিন্তু উক্ত তল বরাবর g ত্বরণের উপাংশ $g\sin\theta$।

05. অভিকর্ষ ত্বরণের উপর কোনটির প্রভাব নেই? [JUST-A: 17-18]

A. দ্রাঘিমা
B. উচ্চতা
C. অক্ষাংশ
D. পৃথিবীর ঘূর্ণন ক্রিয়া

Ans A

06. ভর ধ্রুব রেখে পৃথিবীর ব্যাসার্ধ অর্ধেক করা হলে তোমার ওজন কত হবে? [JUST 16-17]

A. 1/4 গুন
B. দ্বিগুন
C. 2 গুন
D. 4 গুন
E. 3/4 গুন

Answer D Solve $\frac{W_2}{W_1} = \frac{R_1^2}{R_2^2} = \frac{(x)^2}{(\frac{x}{2})^2} = 4 \quad \therefore W_2 = 4W_1$

07. পৃথিবী হতে সূর্যের দিকে একটি রকেট নিক্ষিপ্ত হলো। গতিপথের কোন বিন্দুতে মহাকর্ষ বল শূন্য হবে? [পৃথিবীর ভর 6×10^{24} kg এবং সূর্যের ভর 2×10^{30} kg] [JUST 16-17]

A. 2.6×10^8 m
B. 1.6×10^8 m
C. 2.6×10^9 m
D. 2.6×10^7 m

Answer A Solve $\frac{6\times10^{24}}{x^2} = \frac{2\times10^{30}}{(150\times10^9 - x)^2}$

$\therefore x = 2.6\times10^8$ m [পৃথিবী ও সূর্যের মধ্যবর্তী দূরত্ব = 150×10^9 m]

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পৃথিবীতে মুক্তিবেগের মান কত? [JKKNIU: 17-18]

A. 112 ms^{-1}
B. 112 Kms^{-1}
C. 11.2 ms^{-1}
D. 11.2 Kms^{-1}

Answer D Solve $V_e = \sqrt{2gR} = \sqrt{2\times9.8\times6.4\times10^6}$

$= 11200\ ms^{-1} = 11.2\ kms^{-1}$

ইসলামী বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পৃথিবীর পৃষ্ঠ হতে h উচ্চতায় এবং d গভীরতায় অভিকর্ষজ ত্বরণের মান সমান। d এর সাপেক্ষে h এর মান- [IU-E: 17-18]

A. h = d
B. h = 2d
C. h = 0.05h
D. h = 0.5d

Answer D Solve $g\left(1-\frac{2h}{R}\right) = \left(1-\frac{d}{R}\right)g$

$\Rightarrow \frac{2h}{R} = \frac{d}{R} \Rightarrow 2h = d \Rightarrow h = \frac{1}{2}d = 0.5\,d$

02. পৃথিবীর ব্যাসার্ধ $R = 64\times10^5$ m ও $g = 9.8 ms^{-2}$ হলে, মুক্তিবেগ কত? [IU-E: 17-18]

A. 7 মাইল/সে. (প্রায়)
B. 8 মাইল/সে. (প্রায়)
C. 9 মাইল/সে. (প্রায়)
D. 10 মাইল/সে. (প্রায়)

Answer A Solve $V_e = \sqrt{2gR} = \sqrt{2\times9.8\times64\times10^5}$

$= 11200\ ms^{-1} = 11.2\ km/s = 7\ mile/s$

Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

03. 980N ওজনের একটি বস্তুকে $1 ms^{-2}$ ত্বরণ দিতে কত বলপ্রয়োগ করতে হবে? [IU-E: 17-18]

A. 100N B. 1000N C. 99N D. 999N

Answer A Solve $W = mg$

$\therefore m = 100$ kg

$F = (100 \times 1)$ kgm/s^2 = 100N

04. অসীমে কোনো বস্তুর মহাকর্ষীয় বিভব কেমন হয়? [IU-E: 17-18]

A. শূন্য B. সর্বনিম্ন C. সর্বোচ্চ D. মাইনাস

Answer A Solve $V = -\frac{GM}{r}$; দূরত্ব বৃদ্ধি পেলে মহাকর্ষীয় বিভব বৃদ্ধি পায়। অসীমে কোন বস্তুর বিভব সর্বোচ্চ, যার মান শূন্য।

05. পৃথিবীর মহাকর্ষীয় বলের আকর্ষণ থেকে মুক্ত হতে হলে বস্তুকে কত বেগে যাত্রা করতে হবে? [IU-E: 17-18]

A. 11.2nile/s B. 11.2m/s

C. 10.2km/s D. 11.2km/s

Answer D Solve পৃথিবীর মুক্তিবেগ = 11.2 km/s

06. মহাকর্ষীয় ধ্রুবকের মাত্রা হলো - [IU-D: 17-18]

A. $[ML^3T^{-3}]$ B. $[M^{-1}L^3T^{-2}]$

C. $[M^{-2}L^3T^{-1}]$ D. $[M^{-3}L^3T]$ Ans B

07. পৃথিবীর ব্যাসার্ধ অর্ধেক এবং ভর অপরিবর্তিত থাকলে ভূপৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণের মান হবে– [IU-D: 17-18]

A. অর্ধেক B. দ্বিগুণ

C. চারগুণ D. অপরিবর্তিত থাকবে

Answer C Solve $g = \frac{GM}{R^2}$

$\therefore g \propto \frac{1}{R^2}$; ব্যাসার্ধ অর্ধেক হলে অভিকর্ষজ ত্বরণ 4গুন।

08. দুটি বস্তুর মধ্যে যে দূরত্ব আছে তা অর্ধেকে নেমে আসলে মহাকর্ষ বল- [15-16]

A. দ্বিগুণ বাড়ে B. দ্বিগুণ কমে

C. অর্ধেক বাড়ে D. চারগুণ বাড়ে

Answer D Solve $F \propto \frac{1}{d^2}$

09. প্রতিটি গ্রহই সূর্যকে একটি ফোকাসে রেখে উপবৃত্তাকার পথে ঘুরে এটি- [12-13]

A. নিউটনের সূত্র B. ডপলারের সূত্র

C. গ্যালিলিওর সূত্র D. কেপলারের সূত্র Ans D

10. পড়ন্ত বস্তুর ক্ষেত্রে যান্ত্রিক শক্তির সংরক্ষণশীলতার নীতি- [12-13]

A. প্রযোজ্য B. প্রযোজ্য নয়

C. যে কোন ক্ষেত্রে প্রযোজ্য D. কোনটিই নয় Ans A

11. পৃথিবীতে কোন বস্তুর ভর 60 কেজি হলে চাঁদে ঐ বস্তুর ভর কত? [04-05]

A. 10kg B. 60kg

C. 15kg D. 0kg

Answer B Solve বস্তুর ভর সব জায়গাতে সমান।

12. সমবিভব তলের পৃষ্ঠে এক বিন্দু থেকে অপর বিন্দুতে একক চার্জ সরিয়ে নিতে কাজের পরিমাণ- [04-05]

A. 1 একক B. 2 একক

C. শূন্য একক D. কোনটিই নয় Ans C

13. গ্রহ সমূহের ঘূর্ণনকালে সূর্য থেকে তাদের দূরত্বের সমানুপাতিক সূত্র প্রদান করেন- [04-05]

A. কপারনিকাস B. গ্যালিলিও

C. নিউটন D. কেপলার Ans D

14. ভূ-পৃষ্ঠ থেকে যতই উহার কেন্দ্রের দিকে যাওয়া যায় g এর মান- [00-01]

A. স্থির থাকে B. ততই কম

C. ততই বাড়ে D. দ্বিগুণ হয়

Answer B Hint $g' = g\left(1 - \frac{2h}{R}\right)$

বরিশাল বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের মান নিচের কোনটির উপর নির্ভরশীল নয়? [14-15]

A. পৃথিবীর আহ্নিক গতি B. পৃথিবীর বার্ষিক গতি

C. উচ্চতা D. আকার Ans B

02. পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে চাঁদের ভর ও ব্যাসার্ধের 81 ও 4 গুণ। ভূ-পৃষ্ঠে কোন লোকের ওজন 648 N হলে তিনি চাঁদে গিয়ে কতটুকু ওজন হারাবেন? [14-15]

A. 520 N B. 225 N

C. 250 N D. 252 N

Answer A Solve $\frac{W_p}{W_e} = \frac{M_p}{M_e} \times \left(\frac{R_e}{R_p}\right)^2$

$\Rightarrow W_p = \frac{1}{81} \times (4)^2 \times 648 = 128$ N

ওজন হারাবেন = $(648 - 128)$ N = 520 N

03. পৃথিবীর ব্যাসার্ধ 6400 km হলে, পৃথিবী পৃষ্ঠের 6400 km উপরে 'g' এর মান কত হবে? [12-13]

A. 0 B. 9.8 m/s^2

C. 4.9 m/s^2 D. 2.45 m/s^2

Answer D Solve $g_h = \frac{R^2}{(R+h)^2} g$

$\Rightarrow g_h = \frac{(6.4 \times 10^6)^2}{(6.4 \times 10^6 + 6.4 \times 10^6)^2} \times 9.8 = 2.45 \text{ ms}^{-2}$

04. ভূপৃষ্ঠ থেকে পৃথিবীর ব্যাসের সমান উচ্চতায় একটি বিন্দুতে g এর মান কত? [11-12, NU 13-14]

A. 9.8 m/s^2 B. 4.9 m/s^2

C. 2.5 m/s^2 D. 1.1 m/s^2

Answer D Solve $\frac{R_h}{R} = \left(\sqrt{\frac{g}{g_h}} - 1\right)$

$\Rightarrow 2 + 1 = \sqrt{\frac{g}{g_h}}$

$\Rightarrow g_h = \frac{9.8}{9} = 1.1 \text{ ms}^{-1}$

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. নিচের কোনটি সত্য নয়? [COU 16-17]

A. পৃথিবীর বার্ষিক গতির জন্য g-এর মানের পরিবর্তন হয়

B. পৃথিবীর আহ্নিক গতির জন্য g- এর মানের পরিবর্তন হয়

C. অক্ষাংশ পরিবর্তনে g- এর মানের পরিবর্তন হয়

D. উচ্চতার কারণে g- এর মানের পরিবর্তন হয়

02. একটি কৃত্রিম উপগ্রহকে পৃথিবীর টানের বাহিরে মহাশূন্যে প্রেরণ করতে মুক্তিবেগ কত হবে? [12-13] Ans A

A. $V_e = \frac{\sqrt{2GM}}{R^2}$ B. $V_e = \frac{\sqrt{GM}}{R+h}$

C. $V_e = \frac{GM}{R+h}$ D. $V_e = \sqrt{2gR}$ Ans D

Scanned with CamScanner

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পৃথিবীর সাপেক্ষে মুক্তিবেগ v_e ও চাঁদের সাপেক্ষে মুক্তিবেগ v_m হলে নিচের কোন সম্পর্কটি সঠিক? [BRUR-E: 17-18]

A. $v_e > v_m$ B. $v_e < v_m$
C. $v_e = v_m$ D. কোনোটিই নয়

Answer A Solve $v = \sqrt{2gR}$ $\therefore v \propto \sqrt{R}$ ও $v \propto \sqrt{g}$ অর্থাৎ, $v_e > v_m$

02. কোন বস্তুকে বিষুবীয় অঞ্চল থেকে মেরু অঞ্চলের দিকে নিয়ে গেলে এর ওজন – [BRUR-E: 17-18]

A. বাড়তে থাকে B. কমতে থাকে
C. একই থাকে D. শূন্য হয়

Answer A Solve বিষুবীয় অঞ্চল হতে মেরু অঞ্চলের দিকে গেলে g-এর মান বাড়ে এবং R-এর মান কমে।
$\therefore W = mg$; অর্থাৎ, বস্তুর ওজন বাড়বে।

03. কেপলারের দ্বিতীয় সূত্র অনুযায়ী ধ্রুব থাকে – [BRUR-E: 17-18]

A. রৈখিক ভরবেগ B. কৌণিক ভরবেগ
C. গতি শক্তি D. স্থিতি শক্তি

Answer B Solve কেপলারের ২য় সূত্র মতে, কৌণিক ভরবেগ L = ধ্রুব।

04. 'g' –এর আদর্শ মান কোথায় ধরা হয়? [BRUR-F: 17-18]

A. সমুদ্র তলে 45° অক্ষাংশে B. সমুদ্র তলে এবং 40° অক্ষাংশে
C. পৃথিবী পৃষ্ঠে 45° অক্ষাংশে D. পৃথিবী পৃষ্ঠে এবং 90° অক্ষাংশে

Answer A Solve ভূপৃষ্ঠে g-এর মান বিভিন্ন স্থানে বিভিন্ন বলে 45^0 অক্ষাংশে সমুদ্রে সমতলে g-এর মানকে আদর্শ মান ধরা হয়। এই আদর্শ মান 9.80665 ms^{-2}। হিসাবের সুবিধার্থে 9.81 ms^{-2} ধরা হয়।

05. ভূস্থির কৃত্রিম উপগ্রহের আবর্তনকাল কত? [BRUR-F, CU-A: 17-18]

A. 12 ঘণ্টা B. 12 দিন
C. 24 ঘণ্টা D. 30 দিন

Answer C Solve যদি কোনো কৃত্রিম উপগ্রহের আবর্তনকাল ও পৃথিবীর আবর্তনকাল সমান হয়। তাহলে, ঐ কৃত্রিম উপগ্রহকে ভূ-স্থির উপগ্রহ বলে।

06. কোনটি মহাকর্ষীয় বিভব ও প্রাবল্যের মধ্যে সম্পর্ক নির্দেশ করে? [BRUR-D: 17-18]

A. $V = -\frac{dE}{dr}$ B. $E = -\frac{dv}{dr}$
C. $E = -m\frac{dv}{dr}$ D. $V = -m\frac{dE}{dr}$ Ans B

07. পৃথিবী পৃষ্ঠের একটি সেকেন্ড দোলককে পৃথিবীর চারদিকে পরিভ্রমণরত একটি মহাকাশযানে নেয়া হলে, এর পর্যায়কাল হবে– [12-13]

A. 2 s B. 4 s
C. 1 s D. অসীম

Answer D Solve মহাকাশ যানে g = 0, তাই পর্যায়কাল অসীম।

08. যদি পৃথিবীর ব্যাসার্ধ চন্দ্রের ব্যাসার্ধের 5 গুণ ও ভর 81 গুণ হয়, তবে একটি সেকেন্ড দোলকের দোলনকাল চন্দ্রপৃষ্ঠে কত হবে? [12-13]

A. 2.5 s B. 5 s
C. 1.8 s D. 3.6 s

Answer D Solve $T_m = \sqrt{\frac{81}{25}} \times T_e = 3.6$

09. কোনটি সর্বাপেক্ষা দুর্বল বল? [12-13; DU 03-04]

A. Gravitational force B. Electromagnetic force
C. Strong Nuclear force D. Weak Nuclear force Ans A

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পৃথিবী এবং অন্য গ্রহের সূর্যকে প্রদক্ষিণ করতে যথাক্রমে 365 এবং 224 দিন লাগে, সূর্য হতে গ্রহ দুটির দূরত্বের অনুপাত কত? [BAU: 13-14; 16-17; 17-18]

A. 1.08 B. 1.23
C. 1.38 D. 2.25

Answer C Solve $\frac{T_1^2}{T_2^2} = \frac{d_1^3}{d_2^3} \Rightarrow \frac{d_1}{d_2} = \left(\frac{T_1}{T_2}\right)^{\frac{2}{3}} = \left(\frac{365}{224}\right)^{\frac{2}{3}}$
$\therefore d_1 : d_2 = 1.38$

02. 100 kg ভরের একটি লিফট 1.8 m/sec^2 ত্বরণে নীচে নামছে। লিফটের মধ্যে দাঁড়ানো 60 kg ভরের একজন ব্যক্তি কত বল অনুভব করবে? [12-13]

A. 340 N B. 400 N
C. 480 N D. 500 N

Answer C Solve $F = 60(9.8 - 1.8) = 480$ N

03. ভূ-কেন্দ্র থেকে 8000 km দূরে অবস্থান করে এরূপ একটি কৃত্রিম উপগ্রহকে পৃথিবীর চারদিকে কী বেগে ঘুরতে হবে? [12-13]

A. 5279 m/sec B. 8905 m/sec
C. 9810 m/sec D. 9850 m/sec

Answer A Solve $v = R\sqrt{\frac{g}{R+h}}$
$= 6.4\times10^6 \times \sqrt{\frac{9.8}{(6.4\times10^6 + 8\times10^6)}} = 5279$ m/s

04. পৃথিবীর পৃষ্ঠ থেকে 300 km ভিতরে অভিকর্ষীয় ত্বরণের মান কত? [11-12]

A. 7.9ms^{-2} B. 9.34ms^{-2}
C. 9.78ms^{-2} D. 9.8ms^{-2}

Answer B Solve $\frac{g_d}{g_e} = \left(1 - \frac{h}{R}\right)$
$\Rightarrow g_d = \left(1 - \frac{300}{6400}\right) \times 9.8 = 9.34 ms^{-2}$

05. চন্দ্র গ্রহণের সময় কি হয়? [09-10]

A. পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে B. চাঁদের ছায়া পৃথিবীর উপর পড়ে
C. চাঁদের ছায়া সূর্যের উপর পড়ে D. পৃথিবীর ছায়া সূর্যের উপর পড়ে

Answer A Solve চন্দ্র গ্রহণের সময় পৃথিবীর ছায়া চাঁদের উপর পড়ে।

শেরে-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. কোনটি মহাকর্ষীয় বিভবের একক নির্দেশ করে? [14-15]

A. $Nmkg^{-1}$ B. Jkg
C. kgJ^{-1} D. $Nm^{-1}kg^{-1}$

Answer A Solve $V = \frac{W}{m}$ $\therefore$ একক $Jkg^{-1} = Nmkg^{-1}$

02. কোথায় পৃথিবীর মহাকর্ষীয় ক্ষেত্রের তীব্রতা বেশী? [14-15]

A. পৃথিবীর কেন্দ্রে B. বিষুবীয় অঞ্চলে
C. মেরু অঞ্চলে D. ক্রান্তীয় অঞ্চলে

Answer C Solve $I = \frac{P}{r^2}$
$\therefore$ মেরু অঞ্চলে ব্যাসার্ধ কম বলে তীব্রতা বেশি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICAT
Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

03. কৃত্রিম উপগ্রহের উচ্চতা ও আবর্তন কালের মধ্যে সম্পর্ক– [09-10]

A. $\left(\frac{GMT^{-2}}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R$ B. $\left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R$

C. $\left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{\sqrt{3}}} - R$ D. $\left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R^2$

Answer: B Solve: কৃত্রিম উপগ্রহের উচ্চতা ও আবর্তনকালের মধ্যে সম্পর্ক,

$$h = \left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R$$

04. পৃথিবীর ভর চাঁদের ভরের 81 গুণ এবং পৃথিবীর ব্যাসার্ধ চাঁদের ব্যাসার্ধের 4 গুণ বড়। চাঁদের অভিকর্ষজ ত্বরণ কত হবে? [09-10]

A. 5.69 B. 1.94 C. 3.98 D. 4.98

Answer: B Solve: পৃথিবীর ভর M_e, ব্যাসার্ধ R_e, অভিকর্ষজ ত্বরণ g_e এবং চাঁদের ভর M_m, ব্যাসার্ধ R_m, অভিকর্ষজ ত্বরণ g_m হলে,

$R_e = 4\,R_m$

$$g_e = \frac{GM_e}{R^2{}_e} = \frac{81GM_m}{16R^2{}_m}$$

$$g_m = \frac{GM_m}{R^2{}_m} = \frac{GH_m}{R^2{}_m}$$

$$\therefore g_m = \frac{16}{81} g_e = 1.94$$

05. আধুনিক ভর মাপার যন্ত্রে চিনি ক্রয় করলে কোন জায়গায় এক কেজি চিনি ক্রয় করা লাভজনক হবে? [10-11]

A. মেরু অঞ্চলে B. বিষুব রেখায়

C. 150° N অক্ষাংশে D. 45° S অক্ষাংশে

Answer: B Solve: বিষুবরেখায় g এর মান কম তাই বস্তুর ওজনও কম।

06. শুক্র ও পৃথিবীর কক্ষপথের ব্যাসার্ধের অনুপাত 54:75 এবং পৃথিবীতে 365 দিনে এক বছর হলে শুক্রতে কত দিনে এক বছর? [10-11]

A. 520 B. 328 C. 280 D. 223

Answer: D Solve: $\left(\frac{54}{75}\right)^{1.5} \times 365 = 223\text{day}$

07. সূর্যের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের কত গুণ? [10-11]

A. 10 B. 20 C. 25 D. 27

Answer: D Solve: সূর্যের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর 27 গুণ।
পৃথিবীর অভিকর্ষজ ত্বরণ চাঁদের 5 গুণ।
সূর্যের অভিকর্ষজ ত্বরণ চাঁদের 135 গুণ।

08. একটি বস্তুর ভর 12 mg হলে পৃথিবীর কেন্দ্রের দিকে বস্তুটি কত বলে আকর্ষিত হবে? ($9.8\ ms^{-1}$) [11-12]

A. 1.176×10^{-4} N B. 123.6×10^{-9} N

C. 112.3×10^{-6} N D. 123.2×10^{-7} N

Answer: A Solve: $F = mg = 12\times10^{-6}\times9.8 = 1.176\times10^{-4}$ N

ঝিনাইদহ সরকারী ভেটেরিনারি কলেজ

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. কেপলারের তৃতীয় সূত্রের অপর নাম কী? [JGVC: 17-18]

A. কক্ষের সূত্র B. ক্ষেত্রফলের সূত্র

C. আবর্তনকালের সূত্র D. গতি সূত্র

Answer: C Solve: i) কেপলারের ১ম সূত্র কক্ষের সূত্র
ii) কেপলারের ২য় সূত্র ক্ষেত্রফলের সূত্র
iii) কেপলারের ৩য় সূত্র আবর্তনকালের সূত্র, যেখানে $T^2 \propto r^3$

বাংলাদেশ মেরিন একাডেমি

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. কোনো বস্তুর ঘনত্ব নির্ভর করে: [Marine Academy: 17-18]

A. আকার B. আকৃতি

C. উপাদান ও তাপমাত্রা D. দৈর্ঘ্য

Ans: C

02. খাড়া ওপরের দিকে অভিকর্ষীয় ত্বরণের মান কত? [Marine Academy: 17-18]

A. শূন্য B. 4.9 ms^{-2}

C. 9.8 ms^{-2} D. – 9.8 ms^{-2}

Ans: D

03. পৃথিবীর ব্যাসার্ধ 6400 km হলে, পৃথিবীর পৃষ্ঠ হতে 6400 km উঁচুতে g-এর মান কত হবে? [Marine Academy: 17-18]

A. 4.9 m/s^2 B. 2.45 m/s^2 C. 0 D. 9.8 m/s^2

Answer: B Solve: $g_n = \frac{R^2}{(R+h)^2} g = 2.45 ms^{-2}$

04. পৃথিবীর ব্যাসার্ধ বর্তমান মানের অর্ধেক হয়ে গেলে অভিকর্ষ ত্বরণ g-এর মান কত হবে? [15-16]

A. 6g B. 2g C. 4g D. g/2

Answer: C Solve: $g = \frac{GM}{R^2}$ কাজেই, ব্যাসার্ধ অর্ধেক হয়ে গেলে অভিকর্ষজ ত্বরণ হবে, 4g

05. পৃথিবীর ব্যাসার্ধ নির্ণয় করতে কোন সূত্রটি সঠিক? [15-16]

A. $R = \sqrt{GM/g}$ B. $R = GM/g$

C. $R = GM^2/g$ D. R

Answer: A Solve: আমরা জানি, $g = \frac{GM}{R^2} \Rightarrow R = \sqrt{\frac{GM}{g}}$

টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. যদি পৃথিবীর ভরের দ্বিগুণ ভর ও 3 গুণ ব্যাসার্ধ বিশিষ্ট কোন গ্রহ থাকে তাহলে উক্ত গ্রহের তলে 1 kg ভরের ওজন কত হবে? [15-16]

A. 1.1 N B. 2.2 N C. 4.4 N D. None of these

Answer: B Solve: $\frac{g_2}{g_e} = \frac{GM_2 \times R_e^2}{R_2^2 \times GM_e} \Rightarrow \frac{g_2}{g_e} = \left(\frac{2M_2}{M_e} \times \frac{R_e^2}{9R_2^2}\right)$

$\Rightarrow g_2 = \left(\frac{2}{9} \times 9.8\right) ms^{-2} \quad \therefore w_2 = g_2 \times 1 = 2.2N$

গার্হস্থ্য অর্থনীতি ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. M দ্বারা পৃথিবীর ভর এবং R দ্বারা এর ব্যাসার্ধ প্রকাশিত হলে g/G মান পৃথিবী পৃষ্ঠে হবে (g = অভিকর্ষজ ত্বরণ, G = মহাকর্ষীয় ধ্রুবক [DU-Home Economics: 17-18]

A. R^2/M B. M/R^2 C. MR^2 D. M/R

Answer: B Solve: $g = \frac{GM}{R^2} \Rightarrow \frac{g}{G} = \frac{M}{R^2}$

02. পৃথিবী পৃষ্ঠ হতে h উচ্চতায় এবং পৃথিবী পৃষ্ঠ হতে d গভীরতায় অভি ত্বরণের মান সমান হলে d হবে h এর– [DU-Home Economics: 17-1

A. এক তৃতীয়াংশ B. অর্ধেক C. তিনগুণ D. দ্বিগুণ

Answer: D Solve: h উচ্চতায় অভিকর্ষজ ত্বরণ $g' = g\left(1 - \frac{2h}{R}\right)$

d গভীরতায় অভিকর্ষজ ত্বরণ, $g' = g\left(1 - \frac{d}{R}\right)$

$$\therefore \left(1 - \frac{2h}{R}\right) = \left(1 - \frac{d}{R}\right) \Rightarrow \frac{2h}{R} = \frac{d}{R} \therefore d = 2\times h$$

Scanned with CamScanner

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজ

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. পৃথিবীর পৃষ্ঠে মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য 'g'। কাল্পনিক একটি গ্রহের ঘনত্ব যদি পৃথিবীর ঘনত্বের সমান হয় এবং ব্যাসার্ধ যদি দ্বিগুণ হয়, তবে ঐ গ্রহের পৃষ্ঠে মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য কত? [DU-7 College: 17-18]

A. g B. 2g C. 4 g D. 8 g

Answer: A Solve পৃথিবীর ক্ষেত্রে কোনো বিন্দুর মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য এবং অভিকর্ষজ ত্বরণ একই। $E_G = \frac{F}{m} = \frac{mg}{m} = g$

02. কেপলারের আবর্তনকালের সূত্রটি হল? [DU-7 College: 17-18]

A. $T \propto R$ B. $T \propto R^{3/2}$ C. $T^3 \propto R^2$ D. None

Answer: B Solve প্রতিটি গ্রহের আবর্তনকালের বর্গ সূর্য থেকে তাদের গড় দূরত্বের ঘনফলের সমানুপাতিক। $T^2 \propto R^3$

ডেন্টাল কলেজ

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. সার্বজনীন ধ্রুবক G এর মান কত? [BDS: 17-18]

A. $6.67 \times 10^{-11}\ Nm^{-2}kg^{-2}$ B. $6.67 \times 10^{-17}\ Nm^2kg^{-2}$
C. $6.67 \times 10^{-11}\ Nm^2kg^{-2}$ D. $6.67 \times 10^{-12}\ Nm^2kg^{-2}$

Answer: C Solve • একক ভরবিশিষ্ট দুটি বস্তুকণা একক দূরত্বে থেকে যে পরিমান বল দ্বারা পরস্পরকে আকর্ষণ করে তার সংখ্যাগত মানকে মহাকর্ষীয় ধ্রুবক বা সার্বজনীন ধ্রুবক বলে।

• মহাকর্ষীয় ধ্রুবকের মাত্রা → $[M^{-1}T^{-2}L^3]$

প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহ

ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

BUET

01. পৃথিবী পৃষ্ঠে মুক্তিবেগ 11.2 km/s। কোন গ্রহের ব্যাসার্ধ যদি পৃথিবীর ব্যাসার্ধের দ্বিগুন হয় এবং ভর পৃথিবীর ভরের আট গুন হয় তবে সেখানে মুক্তিবেগ কত? [13-14]

A. 89.6 km/s B. 11.2 km/s
C. 22.4 km/s D. 44.8 km/s

Answer: C Solve $V_e' = \sqrt{\frac{2GM'}{R'}} = \sqrt{\frac{2G \times 8M}{2R}} = 2\sqrt{\frac{2GM}{R}}$

$= 2 \times 11.2 = 22.4$ km/s

02. 5×10^{24} kg ভর এবং 6.1×10^6 m ব্যাসার্ধ বিশিষ্ট একটি গ্রহের পৃষ্ঠ হতে 2.0 kg ভরের একটি বস্তুকে মহাশূন্যে পাঠাতে প্রয়োজনীয় শক্তির পরিমাণ হল- (দেয়া আছে, $G = 6.67 \times 10^{-11}\ Nm^2kg^{-2}$ [11-12]

A. 9.0 J B. 2.2×10^8 J
C. 1.1×10^8 J D. 1.1×10^6 J

Answer: C Solve শক্তি $= \frac{GMm}{R} = \frac{6.67 \times 10^{-11} \times 5 \times 10^{24} \times 2}{6.1 \times 10^6}$

$= 1.1 \times 10^8$ J

3. একটি লিফট 15 ms^{-1} গতিতে উপরে উঠছে। 60 kg ভরের একজন মানুষ লিফটে অবস্থান করলে লিফটের উপর তার প্রতীয়মান ওজন হবে- [10-11]

A. 588 N B. 900 N
C. 750 N D. 800 N

Answer: A Solve $W = mg = 60 \times 9.8 = 588$ N

04. এক ব্যক্তির ওজন পৃথিবী পৃষ্ঠে 785N এবং মঙ্গলগ্রহ পৃষ্ঠে 298N অভিকর্ষীয় ক্ষেত্রের তীব্রতা কত? [09-10]

A. 2.63 N/kg B. 6.09 N/kg
C. 3.72N/kg D. 9.81N/kg

Answer: D Solve $E = \frac{F}{m} = \frac{785}{\left(\frac{785}{9.81}\right)} = 9.81$ N/kg

KUET

01. ভূপৃষ্ঠের কত গভীরে অভিকর্ষজ ত্বরণের মান ভূপৃষ্ঠের মানের এক চতুর্থাংশ হবে? (পৃথিবীর ব্যাসার্ধ = 6.4×10^3 Km) [KUET: 17-18]

A. 8.4×10^3km B. 4.8×10^3km C. 4.0×10^3km
D. 5.2×10^3km E. 6.8×10^3km

Answer: B Solve $\frac{g'}{g} = \left(1 - \frac{h}{R}\right) \Rightarrow \frac{1}{4} = \left(1 - \frac{h}{R}\right)$

$\Rightarrow h = \left(1 - \frac{1}{4}\right) \times 6400 = 4.8 \times 10^3$ km.

02. চন্দ্রের ভর পৃথিবীর ভরের 0.013 গুণ, চন্দ্র ও পৃথিবীর কেন্দ্রদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব পৃথিবীর ব্যাসার্ধের 60 গুণ। পৃথিবীর কেন্দ্র বিন্দু হতে চন্দ্র ও পৃথিবীর ভর কেন্দ্রের দূরত্ব কত? (পৃথিবীর ব্যাসার্ধ = 6.4×10^6 m) [11-12]

A. 8.200×10^4m B. 8.213×10^4m C. 8.213×10^4cm
D. 8.213×10^4mm E. 3.93×10^7 m

Answer: B Solve $\because M_m = 0.013 \times M_e$

$$d = \frac{M_m \times 6.4 \times 10^6}{M_e + M_m} = \frac{\frac{M_m}{M_e} \times 6.4 \times 10^6}{1 + \frac{M_m}{M_e}} = 8.213 \times 10^4 \text{ m}$$

03. পৃথিবীর ব্যাসার্ধ 6.4×10^6 m এবং পৃথিবী পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ 9.8 m/sec^2 হলে, পৃথিবী পৃষ্ঠ হতে কত উচ্চতায় g এর মান 4.9 m/sec^2 হবে? [07-08, 10-11]

A. 3.2×10^6 m B. 1.6×10^5 m C. 2.65×10^6 m
D. 4.9×10^6 m E. 6.4×10^6 m

Answer: C Solve উচ্চতা, $h = \left(\sqrt{\frac{g}{g_h}} - 1\right)R = \left(\sqrt{\frac{9.8}{4.9}} - 1\right) \times 6.4 \times 10^6$

$= 2.65 \times 10^6$m

04. একটি গ্রহের ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের দ্বিগুণ। উক্ত গ্রহের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের আট গুণ। উক্ত গ্রহের মুক্তিবেগ পৃথিবীর মুক্তিবেগের তুলনায় কতগুণ তা নির্ণয় কর। [08-09]

A. 2 গুণ B. 4 গুণ C. 8 গুণ
D. 10 গুণ E. 16 গুণ

Answer: B Solve $\frac{v_u}{v_e} = \frac{\sqrt{2 \times 8g \times 2R}}{\sqrt{2gR}} = 4 \Rightarrow v_u = 4\,v_e$

05. 3 m/sec^2 ত্বরণে একটি লিফট নিচের দিকে নামছে। লিফটটি যখন ভূমি থেকে 13.6 m উপরে ছিল তখন একটি বল লিফট থেকে ছেড়ে দেয়া হল। ভূমি স্পর্শ করতে বলটির কত সময় লাগবে? [07-08]

A. 1 sec B. 2 sec C. 3 sec
D. 4 sec E. 5 sec

Answer: B Hint $t = \sqrt{\frac{2h}{g-a}} = 2$s

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner

CUET

01. একটি কৃত্রিম উপগ্রহ ভূপৃষ্ঠ থেকে একটি নির্দিষ্ট উচ্চতায় 8 km/sec বেগে ঘুরছে, যেখানে অভিকর্ষজ ত্বরণের মান $g_h = 8\ m/sec^2$। ভূপৃষ্ঠ থেকে উপগ্রহটির উচ্চতা নির্ণয় কর। [15-16]

A. 1600 km B. 4000 km C. 14400 km D. 8000 km

Ans A Explain: $v = \sqrt{g_h (R+h)} \therefore h = 8 \times 10^6 - R = 1600\ km$

02. পৃথিবীর অভিকর্ষীয় ত্বরণ 980 cm/sec^2 এবং একটি বস্তুর মুক্তি বেগ 11.2 km/sec পৃথিবীর ব্যাসার্ধ কত? [10-11]

A. 6400km B. 640km C. 64000km D. None

Ans A Explain: $v = \sqrt{2gR} \Rightarrow R = \frac{v^2}{2g} \frac{(11.2 \times 10^3)^2}{2 \times 9.8} = 6400km$

RUET

01. পৃথিবী পৃষ্ঠ হতে সর্বদা 620 km উর্ধ্বে থেকে একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীর চারিদিকে কত অনুভূমিক বেগে প্রদক্ষিণ করে? দেওয়া আছে $g = 9.8\ ms^{-2}$ এবং পৃথিবীর ব্যাসার্ধ R = 6380 km। [14-15]

A. 4.55 kms^{-1} B. 7.50 kms^{-1} C. 5.75 kms^{-1}
D. 5.57 kms^{-1} E. None

Ans B Explain: $v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{g \times \frac{R^2}{R+h}}$
$= \sqrt{9.8 \times \frac{(6380 \times 10^3)^2}{(6380+620) \times 10^3}} = 7.54\ kms^{-1}$

02. একটি লিফট 1 m/sec^2 ত্বরণে নিচে নামছে। লিফটের মধ্যে দাঁড়ানো একজন ব্যক্তির ভর 65 kg হলে, তিনি কত বল অনুভব করবেন? [13-14]

A. 475 N B. 572 N C. 590 N
D. 350 N E. None

Ans B Explain: $F = m(g-a) = 65(9.8-1) = 572N$

NCTB অনুমোদিত পাঠ্যবইসমূহের বাছাইকৃত MCQ ও সমাধান

01. গোলকের অভ্যন্তরে মহাকর্ষীয় বিভব কীরূপ হয়? [ইসহাক]
A. বিভব শূন্য হয় B. বিভব স্থির থাকে
C. বিভব অসীম হয় D. কোনটিই নয় Ans B

02. মহাকাশে একজন নভোচারীর নিকট একটি সেকেন্ড দোলকের কম্পাঙ্ক কত হবে? [রমা বিজয়]
A. 0 Mz B. 1 Mz
C. 2 Mz D. অসীম Ans A

03. একটি সুষম গোলকের ব্যাসার্ধ R এর ভর M। গোলকটির কেন্দ্র থেকে r_1 এবং r_2 দূরে মহাকর্ষীয় ক্ষেত্রে প্রাবল্যের মান যথাক্রমে F_1 ও F_2 হলে নিম্নের কোনটি সঠিক? [ইসহাক]

A. $\frac{F_1}{F_2} = \frac{r_1}{r_2}$ যদি $r_1 < R$ এবং $r_2 < R$ হয়
B. $\frac{F_1}{F_2} = \frac{r_1}{r_2}$ যদি $r_1 > R$ এবং $r_2 > R$ হয়
C. $\frac{F_1}{F_2} = \frac{r_1^2}{r_2^2}$ যদি $r_1 < R$ এবং $r_2 < R$ হয়
D. $\frac{F_1}{F_2} = \frac{r_2^2}{r_1^2}$ যদি $r_1 > R$ এবং $r_2 > R$ হয় Ans D

04. যদি আমরা বিষুবীয় অঞ্চল থেকে মেরু অঞ্চলের দিকে যাই তবে অভিকর্ষীয় ত্বরণ– [রমা বিজয়]
A. একই হবে B. বৃদ্ধি পাবে
C. 45° অক্ষাংশ পর্যন্ত কমবে D. কমে যাবে Ans B

05. পৃথিবীর নিজ অক্ষের সাপেক্ষে ঘূর্ণনের জন্য বস্তুর ওজনের পরিবর্তনের কারণ– [রমা বিজয়] [BRU 13-14; KU 09-10]
A. কেন্দ্রমুখী বল B. কেন্দ্রবিমুখী বল
C. মহাকর্ষ বল D. অভিকর্ষ বল Ans B

06. পৃথিবী প্রদক্ষিণরত একজন মহাশূন্যচারী মহাশূন্যযানে থাকা নিজের ওজনহীন মনে করেন তখন সেক্ষেত্রে নিচের যে বাকাটি কার্যকর হয়– [রমা বিজয়]
A. বস্তুর ভর শূন্য B. বস্তুর উপর প্রতিক্রিয়া বল শূন্য
C. বস্তুর ওজন শূন্য D. ত্বরণ শূন্য Ans A

07. পৃথিবী এবং অন্য একটি গ্রহের মুক্তি বেগ যথাক্রমে V_e এবং V_m। গ্রহটির ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের দ্বিগুণ এবং গ্রহটির গড় ঘনত্ব পৃথিবীর গড় ঘনত্বের সমান হলে, নিচের কোনটি সঠিক? [রমা বিজয়]

A. $V_e = \frac{V_m}{4}$ B. $V_e = \frac{V_m}{2}$
C. $V_e = V_m$ D. $V_e = 2V_m$ Ans B

08. একটি সেকেন্ড দোলকের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যেতে সময় লাগে কতক্ষণ? [নাসির]
A. 0.5 সে. B. 1 সে.
C. 2 সে. D. 4 সে. Ans B

09. পৃথিবীর কোন স্থানের অভিকর্ষজ ত্বরণকে আদর্শমান ধরা হয়? [গিয়াস]
A. কেন্দ্রে B. 45° অক্ষাংশে
C. মেরু অঞ্চলে D. বিষুব অঞ্চলে Ans B

10. সুষম ত্রিভুজাকৃতি পাতের অভিকর্ষ কেন্দ্র কোথায়? [গিয়াস]
A. কর্ণদ্বয়ের ছেদ বিন্দুতে B. জ্যামিতিক কেন্দ্রে
C. বাহুগুলোর মধ্যবিন্দুতে D. মধ্যমাগুলোর ছেদ বিন্দুতে Ans D

11. অসীমে মহাকর্ষীয় বিভব কত ধরা হয়? [গিয়াস] [BRUR 12-13]
A. 0 B. 1
C. 0 D. 3 Ans A

12. কোনো গ্রহের ভর ও ব্যাসার্ধ যথাক্রমে পৃথিবী ভর ও ব্যাসার্ধের অর্ধেক হলে ঐ গ্রহের পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ হবে পৃথিবী পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের - [তপন]
A. দ্বিগুণ B. সমান
C. অর্ধেক D. এক-চতুর্থাংশ Ans A

13. দুটি উপগ্রহ একই বৃত্তাকার কক্ষপথে আবর্তনরত। অবশ্যই তাদের- [তপন]
A. ভর সমান B. কৌণিক ভরবেগ সমান
C. গতিশক্তি সমান D. দ্রুতি সমান Ans D

14. সূর্য থেকে পৃথিবীর গড় দূরত্ব কমে গেলে বছরের দৈর্ঘ্য- [তপন]
A. কমে যাবে B. বেড়ে যাবে
C. স্থির হবে D. অসীম হবে Ans A

15. 'g' এর উপর পৃথিবীর আহ্নিক গতির প্রভাব সবচেয়ে বেশি কোথায়? [জাকারিয়া]
A. উত্তর মেরুতে B. বিষুবীয় অঞ্চলে
C. 45° অক্ষাংশে D. দক্ষিণ মেরুতে Ans A

16. পৃথিবীর ভর M এবং ব্যাসার্ধ R হলে পৃথিবীপৃষ্ঠে $\frac{g}{G}$ এর অনুপাত কত? [জাকারিয়া]
A. $\frac{R^2}{M}$ B. $\frac{M}{R^2}$ C. MR^2 D. $\frac{M}{R}$ Ans B

17. তাপমাত্রা বাড়ালে মহাকর্ষীয় ধ্রুবক G - এর মানের কী পরিবর্তন হবে? [জাকারিয়া]
A. বাড়বে B. প্রথমে বাড়বে পড়ে কমবে
C. অপরিবর্তিত থাকবে D. কমবে Ans C

18. পৃথিবীর কেন্দ্র থেকে কোনো বিন্দুর দূরত্ব r হলে (r < R), অভিকর্ষজ ত্বরণ (g) এর জন্য নিচের কোন সম্পর্কটি সঠিক? [R = পৃথিবীর ব্যাসার্ধ] [জাকারিয়া]
A. $g \propto \frac{1}{r}$ B. $g \propto \frac{1}{r^2}$
C. $g \propto r$ D. $g \propto r^2$ Ans C

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

19. পৃথিবী পৃষ্ঠের P বিন্দুতে মহাকর্ষ ক্ষেত্র প্রাবল্য– [আঃ গনি]
A. পড়ন্ত বস্তুর ত্বরণের সমান
B. অসীম দূরত্ব থেকে P বিন্দুতে একক ভর আনতে কৃত কাজের সমান
C. P বিন্দুতে স্থাপিত কোন বস্তুর উপর ক্রিয়াশীল বলের সমান
D. P থেকে প্রতি একক দূরত্বে স্থিতি শক্তির পরিবর্তনের সমান
Ans A

20. ভূ-স্থির কক্ষের জন্য কোন তথ্যটি মিথ্যা? [আঃ গনি]
A. ভূ-স্থির কক্ষকে সরাসরি বিষুব রেখার উপরে হতে হবে
B. ভূ-স্থির কক্ষের সকল উপগ্রহ সমান ভর বিশিষ্ট
C. ভূ-স্থির কক্ষের পর্যায় কাল 24 ঘন্টা হতে হবে
D. ভূ-স্থির কক্ষের একটি মাত্র সম্ভাব্য ব্যাসার্ধ রয়েছে
Ans B

21. পৃথিবী পৃষ্ঠের কোন বিন্দুতে মহাকর্ষ ক্ষেত্র প্রাবল্য– [আঃ গনি]
i. ঐ বিন্দুতে অভিকর্ষজ ত্বরণের সমান
ii. বিভবের ঢালের (গ্রেডিয়েন্ট) ঋণাত্মক মানের সমান
iii. ঐ বিন্দুতে অবস্থিত কোন বস্তুর উপর ক্রিয়াশীল মহাকর্ষ বলের সমান
নিচের কোনটি সঠিক?
A. i ও ii
B. i ও iii
C. ii ও iii
D. i, ii ও ii
Ans A

HSC পরীক্ষার সকল বোর্ডের MCQ ও সমাধান

01. কোনো বস্তুকে কত বেগে নিক্ষেপ করলে এটি কৃত্রিম উপগ্রহে পরিণত হবে? [DHA-16]
A. $11.2\ kms^{-1}$
B. $7.9\ kms^{-1}$
C. $11.2\ ms^{-1}$
D. $7.9\ ms^{-1}$
Ans B

02. পার্কিং কক্ষপথ হলো- [DHA-16]
A. যে পথে বিমান চলাচল করে
B. পোলার উপগ্রহের কক্ষপথ
C. ভূ-স্থির উপগ্রহের কক্ষপথ
D. পৃথিবীর কক্ষপথ
Ans C

03. কেপলারের তৃতীয় সূত্রটি হলো- [DHA-16] [COM-16] [SYL-16] [JnU 12-13; RU 16-17]
A. $T^2 = R^3$
B. $T^3 = R^3$
C. $T^3 \propto R$
D. $T^2 \propto R^3$
Ans D

নিচের উদ্দীপকটি দেখ এবং পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:



04. 50 kg ভরের একটি বস্তুকে A হতে C তে নিয়ে গেলে এর ওজন হবে- [COM-16]
A. 490 N
B. 272.2 N
C. 245 N
D. 217.8 N

Answer C Solve $g_c = \left(1-\frac{h}{R}\right)g_A = \left(1-\frac{R/2}{R}\right)g_A = 0.5\times 9.8 = 4.9\ ms^{-2}$

$\therefore w = mg_c = 50 \times 4.9 = 245\ N$

05. i. A বিন্দুতে মহাকর্ষীয় প্রাবল্য সর্বোচ্চ
ii. C বিন্দুতে কোনো বস্তুর ওজন B বিন্দু হতে বেশি
iii. B বিন্দুতে g-এর মান A বিন্দুর অর্ধেক
নিচের কোনটি সঠিক? [COM-16]
A. i ও ii
B. ii ও iii
C. i ও iii
D. i, ii ও iii
Ans C

06. মহাকর্ষীয় ধ্রুবকের একক হলো- [COM-16]
A. $Nmkg^{-2}$
B. $Nm^{-2}kg^2$
C. Nm^2kg^{-2}
D. $Nm^{-2}kg^{-2}$
Ans C

07. মহাকর্ষীয় বিভব v এবং মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য E হলে- [JES-16]
A. $E = \frac{dv}{dt}$
B. $E = -\frac{dv}{dt}$
C. $E = \frac{dv}{dt}$
D. $E = -\frac{dv}{dt}$
Ans D

08. মুক্তি বেগের রাশিমালায় কোনটি অনুপস্থিত? [JES-16] [নিয়াস]
A. গ্রহের ব্যাসার্ধ
B. অভিকর্ষজ ত্বরণ
C. গ্রহের ভর
D. বস্তুর ঘনত্ব
Ans D

উদ্দীপকের আলোকে পরবর্তী দুটি প্রশ্নের উত্তর দাও:
একটি গ্রহের ব্যাস 6000 km এবং এর পৃষ্ঠের অভিকর্ষীয় ত্বরণ $3.8\ ms^{-2}$।

09. গ্রহটির পৃষ্ঠ হতে একটি বস্তুর মুক্তিবেগ হবে- [JES-16]
A. $4774.93\ kms^{-1}$
B. $2756.6\ kms^{-1}$
C. $4.77\ kms^{-1}$
D. $2.756\ kms^{-1}$

Answer C Solve $V_e = \sqrt{2\times 3.8\times 3\times 10^6} = 4.77 kms^{-1}$

10. বস্তুটির ভর দ্বিগুণ হলে মুক্তিবেগ- [JES-16]
i. অপরিবর্তিত থাকবে
ii. অর্ধেক হবে
iii. দ্বিগুণে হবে
নিচের কোনটি সঠিক?
A. i ও ii
B. ii ও iii
C. i ও iii
D. i, ii ও iii

Answer Blank Solve only (i) কারণ, মুক্তিবেগ ভরের উপর অনির্ভরশীল।

11. পড়ন্ত বস্তুর ক্ষেত্রে গ্যালিলিও এর সূত্র- [JES-16]
A. $V \propto t^2$
B. $V \propto \frac{1}{t}$
C. $V \propto t$
D. $h \propto t$
Ans C

12. পৃথিবীর ব্যাসার্ধ (R) এর তুলনায় কত গভীরতায় অভিকর্ষজ ত্বরণ মান ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের অর্ধেক হবে? [CHI-16] [নিয়াস]
A. $\frac{R}{2}$
B. $\frac{R}{4}$
C. $\frac{R}{8}$
D. $\frac{R}{16}$
Ans A



13. একটি O বিন্দুকে করে ABC উপবৃত্তাকার পথে ঘোরে। ΔBOC এর ক্ষেত্রফল ΔAOB এর ক্ষেত্রফলের দ্বিগুণ। CB পথে অতিক্রম করতে গ্রহটির 4 ঘন্টা সময় লাগলে BA পথে অতিক্রম করতে গ্রহটির কত ঘন্টা সময় লাগবে? [CHI-16]
A. 16
B. 8
C. 4
D. 2

Answer D Solve $\frac{T_{BC}}{T_{BA}} = \frac{\Delta BOC}{\Delta AOB} \Rightarrow T_{BA} = \frac{\Delta AOB}{\Delta BOC} \times T_{BC}$

$\therefore T_{BA} = \frac{1}{2}\times 4 = 2$

14. একটি ভূ-স্থির উপগ্রহের আবর্তনকাল কত? [CHI-16, 15] [নাসির] [BSMRSTU 16-17; IU 12-13]
A. 12 ঘন্টা
B. 24 ঘন্টা
C. 1 মাস
D. 12 মাস
Ans B

15. মহাকর্ষীয় বিভবের ক্ষেত্রে- [CHI-16]
i. এর মান সর্বোচ্চ হবে অসীমে
ii. এর সর্বোচ্চ মান শূন্য
iii. এটি কখনো ঋণাত্মক হতে পারে না
নিচের কোনটি সঠিক?
A. ii
B. iii
C. ii ও iii
D. i, ii ও iii
Ans A

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

৭ম অধ্যায়
প্রথম পত্র

পদার্থের গাঠনিক ধর্ম
(STRUCTURAL PROPERTIES OF MATTER)

1. এক নজরে এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ তথ্যাবলি

পদার্থের বন্ধন

♦ **পদার্থের বন্ধন:** পরমাণুগুলোর সংযোগের ফলে যখন ব্যবস্থার বিভব শক্তি হ্রাস পায় পরমাণুগুলোর মধ্যে তখন বন্ধন গঠিত হয়।

♦ পদার্থের বন্ধনকে বিভিন্ন ভাগে বিভক্ত করা হয়। যথা:

i. **আয়নিক বন্ধন:** ধাতব ও অধাতব মৌলের রাসায়নিক বিক্রিয়াকালে ধাতুর পরমাণুর বহিঃস্থর থেকে অধাতু পরমাণুর বহিঃস্থর এক বা একাধিক ইলেকট্রন স্থানান্তরিত হওয়ার মাধ্যমে সৃষ্ট ধনাত্মক ও ঋণাত্মক আয়নের মধ্যে স্থির বৈদ্যুতিক আকর্ষণ দ্বারা যে বন্ধন গঠিত হয়, তাকে আয়নিক বন্ধন বলে।

ii. **সমযোজী বন্ধন:** দুটি পরমাণুর মধ্যকার ইলেকট্রন শেয়ারের দ্বারা যে বন্ধন গঠিত হয়, তাকে সমযোজী বন্ধন বলে।

iii. **ধাতব বন্ধন:** ধাতুর অণুতে যে বন্ধন দেখা যায়, তাই ধাতব বন্ধন।

iv. **ভ্যানডার ওয়াল বন্ধন:** কাছাকাছি অবস্থিত পরমাণুসমূহের মধ্যে পারস্পারিক ক্রিয়ার ফলে একটি দূর্বল আকর্ষণ বল সৃষ্টি হয়, এই ক্রিয়াকে ভ্যানডার ওয়াল ক্রিয়া বলে। এই ক্রিয়ার ফলে যে বন্ধন সৃষ্টি হয় তাকে ভ্যানডার ওয়াল বন্ধন বলে।

বন্ধনের ধরন	শক্তি	প্রকৃতি	উদহারণ
আয়নিক	সবল	ইলেকট্রন স্থানান্তর	খাবার লবণ
সমযোজী	সবল	ইলেকট্রন অংশগ্রহণ	হীরক
ধাতব	বেশ সবল	ইলেকট্রন অংশগ্রহণ	তামা
ভ্যান্ডারওয়ালস	দুর্বল	দ্বিমেরু মিথস্ক্রিয়া	কঠিন নিওন

♦ **আয়নিক যৌগের বৈশিষ্ট্য:** i. কঠিন অবস্থায় কেলাস বা স্ফটিকাকারে থাকে, ii. এরা অনুদ্বায়ী, iii. পানিতে ও সকল পোলার দ্রাবকে দ্রবণীয় কিন্তু অপোলার দ্রাবকে অদ্রবণীয়, iv. বিদ্যুৎ পরিবাহী।

♦ SP সংকরিত অরবিটালের বন্ধন কোণ 180°
SP^2 সংকরিত অরবিটালের বন্ধন কোণ 120°
SP^3 সংকরিত অরবিটালের বন্ধন কোণ 109°

□ **পূর্ণ দৃঢ় বস্তুর উদাহরণ (Perfectly Rigid body):** কাঁচ, ইস্পাত প্রভৃতি বস্তুকে পূর্ণ দৃঢ় বস্তু হিসেবে ধরা হয়।

□ **নমনীয় বস্তু উদাহরণ (Plastic body):** বিকৃতকারী বল অপসারণের পর যদি বস্তুর পুনঃপ্রাপ্তি না ঘটে তবে তাকে নমনীয় বস্তু বলে। যেমন- আটার দলা, মাটির দলা ইত্যাদিকে নমনীয় বস্তু হিসেবে ধরা হয়।

□ **সমদিক ধর্মী বস্তুর উদাহরণ (Isotropic body):** যেসব বস্তুর স্থিতিস্থাপক গুণাঙ্ক সবদিকে সমান তাকে Isotropic body বলে। যেমন-ধাতব দন্ড তার সমদিক ধর্মী বস্তু।

□ **অসমদিক ধর্মী বস্তুর উদাহরণ (Anisotropic body):** সৈন্ধব লবণ, কোয়ার্টজ ইত্যাদি অসমদিক ধর্মী বস্তু।

♦ প্লাজমা অবস্থায় সমান সংখ্যাক ঋণ ও ধন আয়ন সৃষ্টি হয়।

স্থিতিস্থাপকতা

□ **স্থিতিস্থাপকতার শর্ত:**
A. আঘাত : আঘাতের ফলে স্থিতিস্থাপকতা বৃদ্ধি পায়।
B. খাদ : খাদের উপস্থিতি স্থিতিস্থাপকতা বৃদ্ধি করে।
C. তাপমাত্রা : তাপমাত্রা বৃদ্ধি পেলে পদার্থের স্থিতিস্থাপকতা হ্রাস পায়।

♦ বল প্রয়োগে কোন একটি বস্তুর প্রতি একক মাত্রায় যে পরিবর্তন সাধিত হয় তাকে বিকৃতি বলে।

♦ কোন একটি বস্তুর একক ক্ষেত্রফলের উপর লম্বভাবে ক্রিয়ারত বিকৃতি সৃষ্টিকারী বল হচ্ছে পীড়ন।

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর উপর প্রযুক্ত পীড়ন তার বিকৃতির সমানুপাতিক।

♦ অসহ পীড়ন: কোন একটি বস্তুর একক ক্ষেত্রফলের উপর প্রযুক্ত অসহ ভারকে অসহ পীড়ন বলে।

♦ অসহ পীড়ন = অসহ ভার/ক্ষেত্রফল

♦ অসহ ভার = তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল × অসহ পীড়ন

♦ পীড়ন ও স্থিতিস্থাপক গুনাংকের, একক ও মাত্রা সমীকরণ একই।
1. F.P.S পদ্ধতিতে উভয়ের একক পাউন্ডাল/বর্গ ফুট
2. C.G.S পদ্ধতিতে উভয়ের একক ডাইন/বর্গ সে.মি.
3. C.K.S পদ্ধতিতে উভয়ের একক নিউটন/বর্গ মিটার
এবং উভয়ের মাত্রা সমীকরণ = $[ML^{-1}T^{-2}]$

♦ পীড়ন $= \frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}}$

♦ প্রযুক্ত বল তুলে নিলে বস্তুটি স্থিতিস্থাপক বলের কারণে সাম্যাবস্থায় ফিরে আসে।

□ **বিকৃতি 3 প্রকার:** • দৈর্ঘ্য বিকৃতি বা অনুদৈর্ঘ্য বিকৃতি।
• আকার বিকৃতি বা কৃন্তন বিকৃতি।
• আয়তন বিকৃতি।

♦ কৃন্তন বিকৃতি $= \frac{\text{আপেক্ষিক সরণ}}{\text{ব্যবধান দূরত্ব}}$।

♦ **বিকৃতির মাত্রা ও একক ঃ** যেহেতু বিকৃতি একই প্রকার দুটি রাশির অনুপাত তাই এর কোন মাত্রা ও একক নেই।

♦ ইস্পাত ও হীরার স্থিতিস্থাপক সীমা খুব বেশি। দস্তার স্থিতিস্থাপক সীমা খুব কম।

♦ রাবার অপেক্ষা ইস্পাত অধিক স্থিতিস্থাপক।

♦ ইস্পাত, ইনভার ও কোয়ার্টজ এ তাপমাত্রা বৃদ্ধি পেলে স্থিতিস্থাপকতা বৃদ্ধি পায়।

স্থিতিস্থাপক গুনাংক

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে দৈর্ঘ্য পীড়ন ও দৈর্ঘ্য বিকৃতির অনুপাতকে ইয়ং এর স্থিতিস্থাপক গুণাংক বলে।

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে আয়তন বিকৃতি ও আয়তন পীড়ন অনুপাত হচ্ছে সংনম্যতা। সংনম্যতা হল আয়তন গুণাঙ্কের বিপরীত রাশি।

♦ কঠিন পদার্থের Y, K এবং η এই তিন প্রকার-গুণাঙ্ক সবগুলো আছে। তরল ও বায়বীয় পদার্থের শুধুমাত্র আয়তন গুনাংক K আছে।

♦ বিভিন্ন গুণাঙ্কের মধ্যে সম্পর্ক: $\frac{1}{3k}+\frac{1}{\eta}=\frac{3}{Y}$

♦ পদার্থের আয়তন গুণাংক বা অসংনম্যতার ক্রম: কঠিন > তরল > গ্যাস

♦ অধিকাংশ ধাতব পদার্থের ক্ষেত্রে পয়সনের অনুপাত 0.3 (প্রায়)

♦ কেলভিন স্থিতিস্থাপক ক্লান্তির ব্যাখ্যা দেন।

□ **হুকের সূত্র:** স্থিতিস্থাপক সীমার মধ্যে বস্তুর উপর প্রযুক্ত পীড়ন তার বিকৃতির সমানুপাতিক।

♦ সংনম্যতা আয়তন গুণাঙ্কের বিপরীত রাশি।

♦ স্থিতিস্থাপক সীমার মধ্যে আয়তন বিকৃতি ও আয়তন পীড়নের অনুপাতই সংনম্যতা।

♦ আয়তন গুনাঙ্কের অপর নাম অসংনম্যতা।

♦ পয়সন এর অনুপাত $= \frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} =$ ধ্রুবক।

♦ কোন পদার্থের পয়সন এর অনুপাত -1 হতে $\frac{1}{2}$ এর মধ্যবর্তী।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Scanned with CamScanner

- একক আয়তনে কৃতকাজ বা বিভব শক্তি $= \frac{1}{2} \times$ দৈর্ঘ্য পীড়ন $\times$ দৈর্ঘ্য বিকৃতি।
- একক আয়তনে সঞ্চিত শক্তি $= \frac{1}{2} \times (F/A) \times (l/l)$
- স্থিতিস্থাপক গুণাঙ্ক নির্ণয়ের পদ্ধতি:
  A. ভার্নিয়ার পদ্ধতি, B. সার্লির পদ্ধতি।
- 50°C তাপমাত্রায় পানির আয়তন স্থিতিস্থাপক গুণাঙ্ক সর্বাধিক।

পদার্থ	ইয়ং গুণাঙ্ক $10^{10}\ Nm^{-2}$	আয়তন গুণাঙ্ক $10^{10}\ Nm^{-2}$	দৃঢ়তার গুণাঙ্ক $10^{10}\ Nm^{-2}$
অ্যালুমিনিয়াম	7.0	7.7	2.6
পিতল (60% তামা)	10	11	3.5
তামা	13	14	4.8
কাঁচ	6.0	3.7	3.1
লোহা (পেটা)	20	17	8.0
লোহা (ঢালাই)	11.5	90	4.6
সীসা	1.6	4.6	0.56
নিকেল	20	16	7.9
ইস্পাত	20	17	8.4
পানি		0.21	
পারদ		2.8	
পেট্রোলিয়াম		0.14	
গ্লিসারিন		0.40	
ইথাইল অ্যালকোহল		011	

- আন্তঃআণবিক বল যত বেশি সবল হবে অণুগুলোর সরণ তত কম হবে। এ রকম অবস্থায় কোন নির্দিষ্ট পীড়নের দরুন আনুষঙ্গিক বিকৃতি কম হবে বলে স্থিতিস্থাপক গুণাঙ্কের মান বেশি হবে।

প্রবাহীর প্রবাহ ও সান্দ্রতা

- তরল ও গ্যাসকে মিলিতভাবে প্রবাহী বলে। প্রবাহী মূলত 2 ভাগে বিভক্ত, যথা–
  A. শান্ত/সমরেখ/অব্যাহত/ধারারেখা/Stream line প্রবাহ।
  B. অশান্ত/বিক্ষিপ্ত/ব্যাহত/Tursulent প্রবাহ।
- প্রবাহী পদার্থ দুই প্রকার– A. অসংকোচনীয় প্রবাহী B. সংকোচনীয় প্রবাহী।
- তরল অসংকোচনীয় প্রবাহী, গ্যাস সঙ্কোচনীয় প্রবাহী।
- পৃষ্ঠটান: → তরলে আছে
  → গ্যাসে নেই
- সান্দ্রতা: → তরলে আছে
  → গ্যাসে আছে

□ সান্দ্রতা গুণাংকের একক:

- S.I পদ্ধতিতে η এর একক $kgm^{-1}s^{-1}$
- অনেক সময় 'Poise' কে এর একক হিসেবে ধরা হয়।
- $1kgm^{-1}s^{-1} = 10$ Poise
- 20^0C তাপমাত্রায় পানির সান্দ্রতাংক; $\eta = 0.001 Kg\text{-}m^{-1}s^{-1}$ or 0.01 Poise
- 20^0C তাপমাত্রায় প্যারাফিন তেলের সান্দ্রতাংক $0.002 Kgm^{-1}s^{1}$ or 0.02 Poise

সান্দ্রতা বল সম্পর্কে নিউটনের সূত্র:

সান্দ্রতা বল ক্ষেত্রফলের সমানুপাতিক অর্থাৎ $F \propto A$

সান্দ্রতা বল বেগ অবক্রমের সমানুপাতিক অর্থাৎ $F \propto \frac{dv}{dy}$

$\therefore$ সান্দ্রতা বল $F \propto A \frac{dv}{dy}$

- সান্দ্রতার উদাহরণ:
  A. আকাশে ঘুড়ি উড়ানো।
  B. শিরা-উপশিরা দিয়ে রক্তের চলাচল এই ধর্মের উপর হয়ে থাকে।
  C. ফাউনটেন পেন কালির সান্দ্রতা ধর্মের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়।
- সান্দ্রতার দরুণ প্রবাহী তার অভ্যন্তরস্থ বিভিন্ন স্তরের আপেক্ষিক বেগ কমানোর চেষ্টা করে।
- দুইটি অণুর মধ্যে ক্রিয়ারত সংসক্তি বল সর্বাধিক যতটুকু দূরত্ব পর্যন্ত অনুভূত হয়, তাকে আন্তঃআণবিক পাল্লা বলে।
- ল্যাপ্লাস তরলের পৃষ্ঠটানের সরল আণবিক ব্যাখ্যা দেন।
- প্রভাব গোলকের দূরত্ব ব্যাস 10^{-9}m
- আন্তঃআণবিক স্থানের উপর ভিত্তি করে পদার্থকে দুই ভাগে ভাগ করা হয়েছে যথা: 1. কঠিন 2. প্রবাহী
- প্রবাহীর সর্বাধিক বেগ যা অতিক্রম করলে সমরেখ প্রবাহ বিক্ষিপ্ত প্রবাহে পরিণত হয়, তাকে সঙ্কট বেগ বা প্রান্তিক বেগ বা সন্ধি বেগ বলে।
- সান্দ্রতার একক পয়েস। 10 poise = $1N\ sec/m^2$

□ কয়েকটি তরলের সান্দ্রতার গুণাংক:

তরল	সান্দ্রতার গুণাংক
পানি	11×10^{-3}
পারদ	1.5×10^{-3}
ইথার	0.2×10^{-3}
গ্লিসারিন	1.5×10^{-3}

পৃষ্ঠটান ও পৃষ্ঠশক্তি

- তরলের পৃষ্ঠে একটি সরলরেখা কল্পনা করলে উক্ত রেখার প্রতি একক দৈর্ঘ্যে ঐ রেখার দুই পার্শ্বে তরলের পৃষ্ঠতলে এক অংশ অন্য অংশের উপর যে স্পর্শক বল প্রয়োগ করে তাকে পৃষ্ঠটান বলে।
- কোন একটি তরল তলের ক্ষেত্রফল এক একক বৃদ্ধি করতে যে পরিমান কাজ সাধিত হয় তাকে ঐ তরলের পৃষ্ঠশক্তি বলে।

□ পৃষ্ঠটানের বৈশিষ্ট্য:

A. পৃষ্ঠটান তরল তলকে সংকুচিত করার চেষ্টা করে।
B. তরল তলের ক্ষেত্রফল বাড়াবার চেষ্টা করলে পৃষ্ঠটান তা প্রতিরোধ করার চেষ্টা করে।
C. এই বৈশিষ্ট্যের কারণে তরল পদার্থের বিভাজন সম্ভব।

- কোন তরলের পৃষ্ঠশক্তি সংখ্যাগতভাবে তরলের পৃষ্ঠটানের সমান $E = T$
- পানির পৃষ্ঠশক্তি $E = 72 \times 10^{-3}\ Jm^{-2}$ Or Nm^{-1}
- একই পদার্থের বিভিন্ন অনুর মধ্যে পারস্পরিক আকর্ষণ বলকে সংসক্তি বল বা Cohesive force বলে। সংসক্তি বল দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক সূত্র মেনে চলে না।
- বিভিন্ন পদার্থের অনুগুলোর মধ্য পারস্পরিক আকর্ষণ বল হচ্ছে আসঞ্জন বল বা Adhesive force বলে।
- সংশক্তি বল দূরত্বের বর্গের ব্যস্তানুপাতিক সূত্র মেনে চলে।
- দুই অণুর ভিতর সংসক্তি বল যতদুর পর্যন্ত অনুভূত হয়, তাকে আণবিক পাল্লা বলে।
- পৃষ্ঠটান তরল পদার্থ এবং সান্দ্রতা প্রবাহী অর্থাৎ তরল ও বায়বীয় পদার্থের বিশেষ ধর্ম।
- পৃষ্ঠটান ও পৃষ্ঠশক্তি উভয়ের মাত্রা সমীকরণ $[MT^{-2}]$
